৩২	**জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো:** সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, রংপুর জানান, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, রংপুর এর তত্বাবধানে কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা কার্যক্রমটি মাঠ পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে রংপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) রংপুর ইলেকট্রিক্যাল ইনস্টলেশন এন্ড মেইনটেনেন্স ট্রেডে ২০জন প্রশিক্ষণার্থী এবং এয়ার কন্ডিশনিং ও রেফ্রিজারেশন ট্রেডে ২০জন মোট ৪০ জন প্রশিক্ষণার্থীকে এবং সমাজ কল্যাণ বিদ্যাবিথী বালিকা উচ্চ বিদ্যালয় ও মহাবিদ্যালয়, রংপুর কম্পিউটার পরিচালনা ও গ্রাফিক্স ডিজাইন এবং টেইলরিং এন্ড ড্রেসমেকিং ট্রেডে ২০জন করে মোট ৪০জন শিক্ষার্থী সফল ভাবে ২৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি: তারিখে প্রশিক্ষণ সমাপ্ত করেছে। আগামী ২৪-০৪-২০২৬ তারিখ প্রশিক্ষনার্থীগণের চুড়ান্ত মূল্যায়ন অনুষ্ঠিত হয়েছে। এখানে মোট শিক্ষার্থীর মধ্যে ২জন নট ইয়েট কম্পিটেন্ট হয়েছে এবংবাকিরা কম্পিটেন্ট হয়েছে। পরবতীতে তাদের উপানুষ্ঠানিক শিক্ষা বোড কর্তৃক কৃতীত্বের সনদ প্রদান করা হবে। বতমানে এই প্রশিণার্থীদের জব লিংকেজের কাজ চলমান রয়েছে। কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ কোর্সের ২য় ব্যাচের কার্যক্রম শুরু করার জন্য প্রশিক্ষনার্থীর বাছাই চলমান রয়েছে। ০১ অক্টোবর ২০২৬ হতে ২য় ব্যাচের কাযক্রম পরিচালনার জন্য রংপুর টিটিসি এবং টিএসসিকে নির্বাচিত করা হয়েছে। এই ব্যাচে কনজুমার ইলেক্ট্রনিক্স , অটোমোটিভ মেকানিক্স, ইলেকট্রনিক্স ইন্সটলেশন এবং রেফ্রিজারেশন ও এয়ার কন্ডিশনিং এই চারটি ট্রেডে ২০জন করে মোট ৮০জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। ক) সভাপতি জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, রংপুর এর অফিস মেরামত করার বিষয়ে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, রংপুর সহ সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।	১। নির্দেশনা মোতাবেক দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, রংপুর
৩৩	**ইসলামিক ফাউন্ডেশন, রংপুর:** উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রংপুর জানান, ১৬ জুলাই ২০২৬ শহীদদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া মাহফিল ও আলোচনা সভা বাস্তবায়নের নিমিত্ত নৈতিকতা ধর্মীয় মূল্যবোধ উন্নয়নে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবস্থা নেয়া হয়েছে। উপজেলায় শিক্ষক সমন্বয় সভায় উক্ত বিষয়ে যথাযথভাবে আলোচনা করা হয়েছে। ২০২৬ সালে সরকারি মাধ্যমে হজ প্রাক নিবন্ধন ও নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত রংপুর জেলায় ২৮৬ জন হজযাত্রি প্রকা-নিবন্ধন ও ০৬ জন নিবন্ধন সম্পন্ন করেছেন। রংপুর জেলায় অবস্থিত জেলা মডেল মসজিদে খাদেম পদ শূন্য হওয়ায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আবেদনপত্র পাওয়া গেলে পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। নৈতিকতা ধর্মীয়বোধ উন্নয়নে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষ কার্যকমের শিক্ষক (উপজেলা ভিত্তিক) নির্বাচন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। রংপুর জেলায় অবস্থিত মসজিদ সমুহে জুম্মার প্রাক খুতবায় মুসুল্লিদের ইসলাম ধর্ম সম্পর্কিত সঠিক জ্ঞান প্রচারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে করা হয়েছে। খতিব/ইমাম সাহেবগণ ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন বিষয়ে জুম্মার খুৎবায় ইসলাম ধর্ম সম্পর্কিত আলোচনা করে থাকেন। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান মর্মে তিনি সভায় উল্লেখ করেন। ক) সভাপতি পীরগঞ্জে শহিদ আবু সাঈদ মসজিদ নির্মাণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং আপডেট তথ্য প্রদানের জন্য উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। খ) সভাপতি রংপুর জেলার সকল মসজিদসমূহে সরকার প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। গ) সভাপতি রংপুর জেলায় অবস্থিত সমজিদসমূহে জুমার খুতবায় শিশু নির্যাতন প্রতিরোধে জনসচেতনতামূলক বক্তব্য প্রদানের বিষয়ে	১। পীরগঞ্জে শহিদ আবু সাঈদ মসজিদ নির্মাণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং আপডেট তথ্য প্রদানের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২। রংপুর জেলার সকল মসজিদে সরকার প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৩। রংপুর জেলায় অবস্থিত সমজিদসমূহে জুমার খুতবায় শিশু নির্যাতন প্রতিরোধে জনসচেতনতামূলক বক্তব্য প্রদানের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৪। রংপুর জেলায় অবস্থিত যেসকল মডেল মসজিদসমূহে মুসল্লি সংখ্যা কম হয়, সেসকল মডেল মসজিদসমূহের এসি বন্ধ রাখার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৫। রংপুর জেলায় অবস্থিত সমজিদসমূহে জুমার খুতবায় মুসল্লিদের ধর্ম সংক্রান্ত সঠিক জ্ঞান প্রচারের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৬। রংপুর জেলায় অবস্থিত মডেল মসজিদসমূহের জায়গা (আবর্জনা ও ব্যানার) মুক্ত রাখা এবং মসজিদ প্রাঙ্গণে অস্থায়ী দোকানপাট উচ্ছেদ করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৭। রংপুর জেলায় অবস্থিত মডেল মসজিদসমূহের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৮। হজ্জ সংক্রান্ত বিস্তারিত তথ্য এ কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা করতে হবে। ৯। দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ১০। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ	উপপরিচালক ইসলামিক ফাউন্ডেশন, রংপুর

	উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। ঘ) সভাপতি রংপুর জেলায় অবস্থিত যেসকল মডেল মসজিদসমূহে মুসল্লি সংখ্যা কম হয়, সেসকল মডেল মসজিদসমূহের এসি বন্ধ রাখার বিষয়ে উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। ঙ) সভাপতি রংপুর জেলায় অবস্থিত সমজিদসমূহে জুমার খুতবায় মুসল্লিদের ধর্ম সংক্রান্ত সঠিক জ্ঞান প্রচারের বিষয়ে উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। চ) সভাপতি রংপুর জেলায় অবস্থিত মডেল মসজিদসমূহের জায়গা (আবর্জনা ও ব্যানার) মুক্ত রাখা এবং মসজিদ প্রাঙ্গণে অস্থায়ী দোকানপাট উচ্ছেদ করার বিষয়ে উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। ছ) সভাপতি রংপুর জেলায় অবস্থিত মডেল মসজিদসমূহের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।	করতে হবে।	
৩৪	**বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার,রংপুর:** প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম-উপপরিচালক,বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার,রংপুর জনান, গ্রন্থাগারে (পুরুষ, নারী ও শিশু) ২৩০১ জন পাঠক বিভিন্ন ধরণের বই পত্র- পত্রিকা থেকে সেবা গ্রহণ করেন। ০২ জন পাঠককে গুরুত্বপূর্ণ পুস্তক ও পুরাতন পত্র-পত্রিকা হতে রেফারেন্স সেবা প্রদান করা হয়। গ্রন্থাগারের ৫৭০ জন সদস্যের মধ্য থেকে ২৯ জন সদস্য পুস্তক ধার গ্রহণ করেন এবং ১৮ জন সদস্য পুস্তক ফেরৎ প্রদান করেন। আগস্ট মাসে ৫ জন প্রতিবন্ধী পাঠককে পাঠসেবা দেওয়া হয়। গ্রন্থাগারের সাপ্তাহিক ছুটি বৃহস্পতিবার ও শ্রক্রবার থাকায় উক্ত মাসে মোট কর্মদিবস ছিল ২১ দিন। ক) সভাপতি বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুরে মানসম্মত বই রাখার বিষয়ে সহকারী পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।	১। বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুরে মানসম্মত বই রাখার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ৩। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার রংপুর
৩৫	**বাংলাদেশ শিল্পকলা একাডেমি, রংপুর:** জেলা কালচারাল অফিসার, রংপুর জানান ১। গত ০৩ আগস্ট, ২০২৬খ্রি: তারিখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে ও জেলা শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় "গানে গানে জুলাই" দেশব্যাপী সংগীত অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ২। গত ১২ আগস্ট ২০২৬খ্রি: তারিখে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে,বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে, জেলা প্রশাসন, রংপুরের সহযোগীতায় এবং জেলা শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় দেশব্যাপী শিশু কিশোরদের নিয়ে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। ৩। গত ১৫ আগস্ট, ২০২৬খ্রি: তারিখে বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে ও জেলা শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ৮৫তম প্রয়ান দিবসের শ্রদ্ধার্ঘ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ৪। গত ২১ আগস্ট, ২০২৬ তারিখে জেলা শিল্পকলা একাডেমি, রংপুরের প্রশিক্ষণ কেন্দ্রের সকল বিভাগের ষান্মাসিক পরীক্ষার আয়োজন করা হয় ৫। গত ২৭ আগস্ট, ২০২৬খ্রি: তারিখে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৫০তম প্রয়াণ দিবস উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায়, বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে, জেলা প্রশাসন, রংপুরের সহযোগিতায় এবং জেলা শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায়	১। যথাযথ নীতিমালা অনুসরণপূর্বক রংপুর শিল্পকলা একাডেমির যাবতীয় কাজ সম্পাদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২। জেলার সকল শিল্পী সংস্থাগুলোর ফোন নম্বরসহ তালিকা জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে। ৩। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ৪। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।	জেলা কালচারাল অফিসার রংপুর

	সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ৬। গত ০১ আগস্ট, ২০২৬ তারিখ হতে গত ৩১ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ক) সভাপতি যথাযথ নীতিমালা অনুসরণপূর্বক রংপুর শিল্পকলা একাডেমির যাবতীয় কাজ সম্পাদনের বিষয়ে জেলা কালচারাল অফিসার, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।		
৩৬	**বাংলাদেশ শিশু একাডেমি, রংপুর:** জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, রংপুর জানান, (ক) প্রশিক্ষণ কর্মসূচি : সাংস্কৃতিক প্রশিক্ষণ বিভাগের ইংরেজি ভাষা শিক্ষা, আবৃত্তি, সুন্দর হাতের লেখা, চিত্রাঙ্কন, সংগীত, নৃত্য, অভিনয়, গিটার ও তবলা বিষয়ে ভর্তিকৃত শিশুর প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রয়েছে। (খ) শিশু বিকাশ ও প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম : শিশু বিকাশ ৩০ জন ও প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্রে ৩০ জন । সর্বমোট ৬০ জন শিশু শিক্ষা কার্যক্রমে শিক্ষা গ্রহণ করছে। ০৫ আগস্ট 'জুলাই গণঅভ্যুত্থান দিবস ২০২৬' উদযাপন উপলক্ষে শিশুদের রচনা, আবৃত্তি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, আলোচনা সভা, পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ১২ রবিউল আউয়াল ১৪৪৮ হিজরি পবিত্র ঈদ-ই- মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ২০২৬ উদযাপন উপলক্ষে শিশুদের রচনা প্রতিযোগিতা, আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও দোয়া মাহফিল অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ক) সভাপতি বাংলাদেশ শিশু একাডেমি, রংপুরে শিশুদের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের বিষয়ে জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।	১। বাংলাদেশ শিশু একাডেমি, রংপুরে শিশুদের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ করতে হবে। ২। শিশু কিশোরদের মানসিক বিকাশ ঘটানোর নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ করতে হবে। ৩। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ৪। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা রংপুর
৩৭	**জেলা ক্রীড়া অফিস, রংপুর:** জেলা ক্রীড়া অফিসার, রংপুর জানান, ২০২৫-২০২৬ অর্থবছরে নতুন কুড়ি স্পোর্টস সেজন-২ এর গত ৩১.০৮.২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত মোট ১০ টি ইভেন্টে মোট ১৫০০০ (পনের হাজার) জন কিশোর কিশোরী রেজিস্ট্রেশন করেন। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম পরিদর্শন করা হচ্ছে এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে মর্মে তিনি সভায় উল্লেখ করেন	১। রংপুর জেলায় ক্রীড়া সামগ্রী ক্রয়ের নিমিত্ত নতুন বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।	জেলা ক্রীড়া অফিসার রংপুর

<table>
<tr>
<td>৩৮</td>
<td>

পর্যটন মোটেল, রংপুর:

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধিন বাংলাদেশ পর্যটন করপোরেশন এর পর্যটন মোটেল, রংপুর ইউনিটটি একটি সেবামূলক সরকারী বাণিজ্যিক প্রতিষ্ঠান। এটি একটি এক তারকা মানসম্মত হোটেল। হোটেলটিতে ৩৪টি আবাসিক কক্ষ রয়েছে। তন্মধ্যে ২টি রয়্যাল স্যুট এবং ৩২টি ডিলাক্স ট্যুইন ও কাপল কক্ষ। এছাড়াও মোটেলটিতে ০১টি সু-সজ্জিত এসি অভ্যর্থনা কক্ষ, ২০০ আসনের এসি কনফারেন্স হল এবং ৮০ আসনের এসি রেস্তোরাঁ রয়েছে। এখানে দেশি-বিদেশি অতিথিদের চাহিদা অনুযায়ী দেশি খাবারসহ ইংলিশ ও চাইনিজ সু-স্বাদু খাবার পরিবেশন করা হয়। এছাড়াও সকল ধরনের অনুষ্ঠান যেমন : বিয়ে, গায়ে হলুদ, বিবাহ বার্ষিকী, জন্মদিন, সভা-সেমিনার আয়োজন করা হয়।

এছাড়াও দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে মর্মে তিনি সভায় উল্লেখ করেন।

<table>
<tr><th>মাসের নাম</th><th>আয়</th><th>ব্যয়</th><th>মোট ব্যয়</th><th>নীট লাভ</th><th>আবাসিক অতিথি সংখ্যা</th><th>লক্ষ্যমাত্রা অর্জনের হার</th></tr>
<tr><td>১</td><td>৩</td><td>৪</td><td>(৪+৬)=৭</td><td>(৩-৭)=৮</td><td>১০</td><td>১১</td></tr>
<tr><td>জুলাই'২৬</td><td>৩৮.৪৮</td><td>২৩.৮৩</td><td>২৪.৫৩</td><td>১৩.৯৫</td><td>১৪০৫ জন</td><td>৮৭.০৬ %</td></tr>
<tr><td>আগস্ট'২৬</td><td>৪৩.১১</td><td>২৪.৪৬</td><td>২৫.১৬</td><td>১৭.৯৫</td><td>১৫৯৮ জন</td><td>৯৭.৫৩ %</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৮১.৫৯</td><td>৪৮.২৯</td><td>৪৯.৬৯</td><td>৩১.৯০</td><td>৩০০৩ জন</td><td>৯২.৩০ %</td></tr>
</table>

ক) সভাপতি পর্যটন মোটেল, রংপুরে পর্যটকদের যথাযথ সেবার মান নিশ্চিত করার বিষয়ে ব্যবস্থাপক, পর্যটন মোটেল, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।

খ) সভাপতি পর্যটন মোটেল, রংপুর-কে আধুনিকায়ন এবং পর্যটকদের সেবার মান নিশ্চিত করার নিমিত্ত স্টাফ প্রশিক্ষণ প্রদানের বিষয়ে ব্যবস্থাপক, পর্যটন মোটেল, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।

</td>
<td>

১। পর্যটন মোটেলের জলাবদ্ধতা নিরসনে ড্রেন নির্মাণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ গ্রহণ করতে হবে।

২। পর্যটন মোটেল, রংপুর-কে আধুনিকায়ন এবং পর্যটকদের সেবার মান নিশ্চিত করার নিমিত্ত স্টাফ প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৩। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

৪। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।

</td>
<td>

১। ব্যবস্থাপক
পর্যটন মোটেল, রংপুর

২। প্রধান নির্বাহী কর্মকর্তা
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর

</td>
</tr>
<tr>
<td>৩৯</td>
<td>

মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম:

সহকারী প্রকল্প পরিচালক, মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, রংপুর জানান, শিক্ষা কার্যক্রম : অত্র জেলার ০৮টি উপজেলার যথা: রংপুর সদর-৩৯টি, গংগাচড়া-২২টি, বদরগঞ্জ-২৪টি, তারাগঞ্জ- ১৩টি, পীরগাছা-১৪টি, পীরগঞ্জ-১৩টি, কাউনিয়া- ০৭টি, মিঠাপুকুর- ১৭টি সহ মোট ১৪৯টি (একশত উনপঞ্চাশ) শিক্ষাকেন্দ্র পরিচালিত হয়ে আসছে। প্রাক-প্রাথমিক -১০২টি, ধর্মীয় শিক্ষা বয়স্ক ২৭ টি ও ধর্মীয় শিক্ষা শিশু ২০ টি শিক্ষাকেন্দ্রের মাধ্যমে প্রতি শিক্ষাবর্ষে নিরক্ষর মুক্ত হচ্ছে প্রাক-প্রাথমিক শিক্ষাকেন্দ্র ৩০৬০ জন শিশু এবং ধর্মীয় শিক্ষা বয়স্ক শিক্ষাকেন্দ্রে ৮১০ ও ধর্মীয় শিক্ষা শিশু শিক্ষাকেন্দ্রে ৬০০ জন।

সহকারী প্রকলপ পরিচালকের কার্যালয়ে প্রতি এক মাস পর পর প্রত্যেক উপজেলার শিক্ষক/ শিক্ষিকাগণকে নিয়ে মাস্টার ট্রেইনার কাম ফ্যাসিলিটেটরের মাধ্যমে শিক্ষক সমন্বয় সভার মাধ্যমে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

</td>
<td>

১। ছাত্র-ছাত্রীদের মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

২। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।

</td>
<td>

সহকারী প্রকল্প পরিচালক
মন্দিরভিত্তিক শিশু
ও
গণশিক্ষা কার্যক্রম, রংপুর

</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>৪০</td>
<td>
পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, রংপুর:
উপপরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, রংপুর জানান, রংপুর অঞ্চলের আগস্ট /২৬ ইং মাসের সার্বিক কার্যক্রমের অগ্রগতি নিম্নরূপ:
<table>
<tr><td>সমিতি গঠন</td><td>লক্ষ্যমাত্রাঃ ০২ টি
অগ্রগতিঃ ০২ টি</td></tr>
<tr><td>সদস্য ভর্তি</td><td>লক্ষ্যমাত্রাঃ ৫০০ জন
অগ্রগতিঃ ৪৯৪ জন</td></tr>
<tr><td>সঞ্চয় বৃদ্ধি (সাধারন সঞ্চয়, সোনালী সঞ্চয় ও এফডিএস)</td><td>লক্ষ্যমাত্রাঃ ১২.০০ (লক্ষ টাকায়)
অগ্রগতিঃ ১১.৪৫ (লক্ষ টাকায়)</td></tr>
<tr><td>মাসে ঋণী সদস্যঃ</td><td>লক্ষ্যমাত্রাঃ ১০০০ জন
অগ্রগতিঃ ৯৮২ জন</td></tr>
<tr><td>মাসে ক্ষুদ্র ঋণ বিতরণ, আদায় ও আদায় হার</td><td>লক্ষ্যমাত্রাঃ ২৫০.০০ (লক্ষ টাকায়)
অগ্রগতিঃ ২৩৬.১১ (লক্ষ টাকায়)
মাসে ঋণ আদায়যোগ্যঃ ২৭৯.৫২ (লক্ষ টাকায়)
অগ্রগতিঃ ২৮৮.১৭ (লক্ষ টাকায়)
ঋণ আদায়ের হারঃ ৯৭%</td></tr>
<tr><td>মাসে নারী উদ্যেক্তা ঋণ বিতরণ, আদায় ও আদায় হার</td><td>লক্ষ্যমাত্রাঃ ১০০.০০ (লক্ষ টাকায়)
অগ্রগতিঃ ৮৫.৫০ (লক্ষ টাকায়)
মাসে ঋণ আদায়যোগ্যঃ ১০১.৯৭ (লক্ষ টাকায়)
অগ্রগতিঃ ৯৯.৩৩ (লক্ষ টাকায়)
ঋণ আদায়ের হারঃ ৯৭%</td></tr>
<tr><td>মাসে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ, আদায় ও আদায় হার</td><td>লক্ষ্য মাত্রাঃ ১৮০.০০ (লক্ষ টাকায়)
অগ্রগতিঃ ১৫৬.০০ (লক্ষ টাকায়)
মাসে ঋণ আদায়যোগ্যঃ ১৯৬.৪২ (লক্ষ টাকায়)
মাসে ঋণ আদায়ঃ ১৯২.৪৯ (লক্ষ টাকায়)
ঋণ আদায়ের হারঃ ৯৮%</td></tr>
</table>
কোভিড-১৯ প্রণোদনা ঋণ কর্মসূচির আওতায় আগষ্ট/২৬ইং মাসে ৭০.৫০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং আদায় হয়েছে ৬৬.৭৬ লক্ষ টাকা। আদায়ের হার ৯৮%।

কৃষি জীবিকায়ন ঋণ কর্মসূচির আওতায় আগষ্ট/২৬ইং মাসে ২৭.৩০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছ এবং আদায় হয়েছে ২০.১৮ লক্ষ টাকা। আদায়ের হার ৯৭%।
</td>
<td>১। দাপ্তরিক কার্যক্রম গতিশীল রাখতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
২। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।</td>
<td>উপপরিচালক
পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন
রংপুর</td>
</tr>
<tr>
<td>৪১</td>
<td>
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, রংপুর:
সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, রংপুর জানান,
১। আগষ্ট/২০২৬ মাসে রংপুর জেলা থেকে মোট ২৩০ জন বিদেশ গমণ করেছেন এর মধ্যে পুরুষ কর্মী ২২৮ জন এবং মহিলা ০২ জন।
২। মৃত প্রবাসী কর্মীর পরিবারকে আর্থিক অনুদান/ক্ষতিপূরণ/ বকেয়া বেতন/ইনসুরেন্স বাবদ আর্থিক সাহায্য প্রাপ্তিতে সহায়তা প্রদান প্রবাসী কল্যাণ সেন্টার হতে করা হয়।
৩। আগষ্ট/২০২৬ মাসে রংপুর জেলার মোট ৩২১ জন বিদেশ গমণ কর্মীর রেজিষ্ট্রেশন এবং ১০১৬ জন বিদেশ গমনেচ্ছুক কর্মীর ফিঙ্গার ইমপ্রেশন গ্রহণ করা হয়েছে।
৪। আগষ্ট/২০২৬মাসে অত্র দপ্তর হতে ৫৪৪ জনকে (PDO) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
৫। প্রশিক্ষণ প্রদানের জন্য দমদমাতে অবস্থিত রংপুর টিটিসিকে জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ের মাধ্যমে নির্দেশনা প্রদান করা যেতে পারে।
ক) সভাপতি রংপুর জেলাকে শিল্পে অগ্রসর করতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করার জন্য সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, রংপুর এবং অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।
খ) সভাপতি প্রবাসী হয়রানি রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।
</td>
<td>১। রংপুর জেলাকে শিল্পে অগ্রসর করতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করতে হবে।
২। প্রবাসী হয়রানি রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৩। রংপুর জেলায় বর্তমানে কতজন প্রবাসী রয়েছে তার উপজেলাভিত্তিক তথ্য এ কার্যালয়ে প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৪। রংপুর জেলা হতে বিদেশগামী জনশক্তিকে প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৫। সরকারি-বেসরকারি কারিগরী প্রশিক্ষণ প্রতিষ্ঠানের তালিকা সংগ্রহপূর্বক উক্ত প্রতিষ্ঠানে প্রচার চালাতে হবে। প্রশিক্ষিতদের তালিকা নিয়মিত সংগ্রহ করে নিজ অফিসে সংরক্ষণ করতে হবে।
৬। নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
৭। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।</td>
<td>সহকারী পরিচালক
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, রংপুর</td>
</tr>
</table>

	গ) সভাপতি রংপুর জেলায় বর্তমানে কতজন প্রবাসী রয়েছে তার উপজেলাভিত্তিক তথ্য এ কার্যালয়ে প্রেরণের বিষয়ে সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন		
৪২	**জেলা সমাজসেবা কার্যালয়, রংপুর:** উপপরিচালক, সমাজসেবা কার্যালয়, রংপুর জানান, ভাতা নীতিমালা অনুযায়ী পুরুষের ক্ষেত্রে বয়স্ক ভাতা ৬৫ বছর এবং মহিলা ভাতাভোগীর ক্ষেত্রে ৬২ বছর এবং অন্যান্য ভাতার ক্ষেত্রে জেলা এবং উপজেলা কমিটির মাধ্যেমে যাচাই-বাছাই করে ভাতা নির্বাচন করা হয়। সময় সময় অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক লাইভ ফেরিফিকেশনের মাধ্যমে ভাতাভোগীর তথ্য-উপাত্ত মনিটরিং করে হালনাগাদ করা হয়। বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা কার্যক্রম নীতিমালা অনুযায়ী স্বামীর মৃত্যু নিবন্ধন সনদ প্রাপ্তি সাপেক্ষে বিধবা ভাতার উপকারভোগী নির্বাচন করার বিষয়ে নির্দেশনা আছে। সে মোতাবেক জেলাধীন শহর সমাজসেবা কার্যালয়, রংপুর (সিটি কর্পোরেশন এলাকার আওতাভূক্ত) ও ০৮ টি উপজেলাসহ ০৯ টি ইউনিটের মাধ্যমে ভাতাভোগীর নির্বাচনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে ইতোমধ্যে নির্দেশনা দেওয়া হয়েছে। রংপুর জেলাধীন শহর সমাজসেবা কার্যালয়, রংপুর (সিটি কর্পোরেশন এলাকার আওতাভূক্ত) ও ০৮ টি উপজেলাসহ ০৯ টি ইউনিটের মাধ্যেমে বাস্তবায়িত পল্লী সমাজসেবা কার্যক্রম, বিভিন্ন দিবস ও সভা/সেমিনারের মাধ্যমে প্রচারণা ও মাঠকর্মী কর্তৃক উপকারভোগীদের মাঝে উঠান বৈঠকে বাল্যবিবাহরোধে উদ্বুদ্ধকরণ ও সচেতনতামূলক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে,অনগ্রসর ভাতা ও উপবৃত্তিসহ) ০৮ প্রকার ভাতাভোগী প্রদানের নিমিত্ত অনলাইনে আবেদন (১ আগস্ট, ২০২৬ হতে ৩১ আগস্ট, ২০২৬ খ্রি. পর্যন্ত) প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে অনলাইনে আবেদনসমূহ যাচাই-বাছাই অন্তে ভাতা প্রাপ্তির যোগ্য জনগণকে উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটির মাধ্যমে তালিকা অনুমোদন করে শতভাগ ভাতাভোগীদের জিটুপি এর মাধ্যমে অর্থ নিজ নিজ মোবাইল ব্যাংকিং সিস্টেমের মাধ্যমে বিতরণ করা হবে। বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে আহতদের হাসপাতাল সমাজসেবা কার্যক্রম রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর এর মাধ্যমে সেবা প্রদান অব্যাহত রয়েছে। বর্তমানে বরাদ্দ সংস্থান না থাকায় আবেদনসমূহ অফিসে সংরক্ষণ করা হচ্ছে। বরাদ্দ পাওয়ামাত্র অনুদান বিতরণ কার্যক্রম গ্রহণ করা হবে। (ক) রংপুর জেলার ২০২৬-২৭ অর্থবছরের নতুন ভাতাভোগী নির্বাচনের লক্ষ্যে আবেদন ১ আগস্ট, ২০২৬ হতে ৩১ আগস্ট, ২০২৬ খ্রি. পর্যন্ত গৃহীত হয়েছে। চলতি অর্থবছরে এখনো বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নতুন ভাতাভোগীর আবেদন যাচাই-বাছাই করে উপজেলা বাস্তবায়ন কমিটির মাধ্যমে উপকারভোগী নির্বাচনের নির্দেশনা ইতোমধ্যে এ জেলার সকল ইউনিট প্রধানকে নির্দেশনা প্রদান করা হয়েছে। খ) ফ্যামিলি কার্ড কর্মসূচি: রংপুর জেলাধীন ০৮টি উপজেলা ও শহর সমাজসেবা কার্যালয়, রংপুর এর ফ্যামিলি কার্ড শুমারির জন্য তথ্য সংগ্রহ	১। অযোগ্য কোন ব্যক্তি কোন ক্যাটাগরির ভাতা পাচ্ছে কিনা তা মনিটরিং করে ভাতাভোগী হালনাগাদ করতে হবে। এছাড়াও প্রকৃত উপকারভোগীর বিকাশ অথবা নগদ একাউন্ট সঠিকভাবে ভাতা প্রাপ্য হচ্ছেন কিনা সে বিষয়ে নজরদারি বাড়াতে হবে। ২। স্বামীর মৃত্যু নিবন্ধন সনদ প্রাপ্তি সাপেক্ষে বিধবা ভাতার উপকারভোগী নির্বাচন করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৩। রংপুর জেলায় বাল্যবিবাহ রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৪। ভাতাযোগ্য জনগণকে ভাতা প্রদান নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৫। জেলা প্রশাসন, রংপুর-এর সাথে সমন্বয়ের মাধ্যমে বৈষম্য বিরোধী ছাত্র জনতার গণঅভ্যুত্থানে আহত রোগীদের অনুদানের অর্থ প্রদান নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৬। নতুন অর্থবছরের প্রাপ্ত বরাদ্দ ও গৃহীত কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত সঠিকভাবে উপকারভোগী বাছাই করতে হবে। ৭। জেলা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক সকল ভাতাভোগীদের অনলাইন ডাটাবেজ হালনাগাদ রাখতে হবে। ৮। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।	উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রংপুর

কার্যক্রম পরিলনার লক্ষ্যে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে এ জেলায় ১,৩০৪ জন তথ্য সংগ্রহকারী এবং ১১৯ জন সুপারভাইজার নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে।

(গ) ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসেমিয়া ও জন্মগত হৃদরোগে আক্রান্ত রোগীদের এককালীন আর্থিক সহায়তা কর্মসূচির ২০২৬-২৭ অর্থবছরে ১ম কিস্তিতে প্রাপ্ত বরাদ্দ ও উপকারভোগীর সংখ্যা নিম্নরূপ:

১	৩	৪	৫	৬	
০১	১,৯৩,০০,০০০	০	১,৯৩,০০,০০০	০	

(ঘ) হাসপাতাল সমাজসেবা কার্যক্রম, রংপুর ও উপজেলা রোগীকল্যাণ সমিতির আগস্ট ২০২৬ মাসের প্রতিবেদন পর্যালোচনায় ইউনিটওয়ারী নিম্নরুপ তথ্য পাওয়া যায়-

ক্রম নং	ইউনিটের নাম	জুলাই ২০২৬ খ্রি. মাসে ব্যয়িত অর্থের পরিমান	জুলাই ২০২৬ খ্রি. মাসসহ ব্যয়িত অর্থের পরিমান চলতি অর্থবছরে
১.	হাসপাতাল	আগস্ট ২০২৬ খ্রি. মাসে ব্যয়িত অর্থের পরিমান	আগস্ট ২০২৬ খ্রি. মাসসহ ব্যয়িত অর্থের পরিমান চলতি অর্থবছরে
২.	বদরগঞ্জ	৫৯০৩৫২	১১৫০৫৪৮
৩.	গংগাচড়া	১৬৩০০	২১৯৯০
৪.	তারাগঞ্জ	০	১৯৭০৫
৫.	মিঠাপুকুর	০	০
৬.	কাউনিয়া	০	০
৭.	পীরগঞ্জ	০	২৯৫৩৬
৮.	পীরগাছা	০	০
	মোট	৬২১৮২৭	৭০০০

(ঙ) ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচি:

ক্র নং	২০২৫-২৬ অর্থ বছরে ১ম,২য় ও ৩য় কিস্তির বরাদ্দের পরিমাণ	মোট বরাদ্দ (৩+৪)	জুন/২৬ মাসে ভিক্ষুক পুনর্বাসন সংখ্যা	চলতি মাসে ভিক্ষুক পুনর্বাসন সংখ্যা	মোট (৬+৭)
২৪,০১,৭৮৮	২৪,০১,৭৮৮	১৬ জন	-	১৬ জন	৮,০০,০০০

চলতি অর্থবছরে ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচির বরাদ্দ পাওয়া যায়নি।

(চ) জেলাধীন উপজেলা ও শহর সমাজসেবা কার্যালয়, রংপুর এর সুদমুক্ত ক্ষুদ্রঋণ খাতে প্রাপ্ত বরাদ্দ বিতরণ ও আদায় অগ্রগতি:

বিনিয়োগ:

ক্রমপুঞ্জিত বরাদ্দ (জুন-২০২৬ পর্যন্ত)	ক্রমপুঞ্জিত মোট বিনিয়োগের পরিমান	অবিনিয়োগকৃত অর্থের পরিমান	জুলাই-২০২৬ মাসে আদায়কৃত অর্থ	অনাদায়ী অর্থ	আদায়ের হার (%)
১১৫৭৫৫০০০	১১৫২০৯২৮২	৫৪৫৭১৮	৪৮৭৮৫০	১৩৯১৪২২২	৮৮
৩১১৮৪৪০০	২৬৩৫৭০০০	৪৮২৭৪০০	২৬৬৩৫৫	৫০৪৪৯০৫	৮২
১৬৮১৪০০০	১৬৬৩০১৪৮	৩৭৩৫০২	২৮৪৬৫	৪১২৩৫৫৭	৭৬
১৬৩০০০০০	১৫৫০০০০০	৮০০০০০	২২৬৭২০	১৮৬২০৮৭	৮২

পুনঃবিনিয়োগ:

ক্রমপুঞ্জিত নিয়োগের পরিমাণ	জুলাই ২০২৬ মাসে আদায়কৃত অর্থ	উপকারভোগীর সংখ্যা	আদায়ের হার (%)	অনাদায়ী অ পরিমাণ
১৮৪৫৩৪৯৮৯	৯৮৭০৪০	২৩৭৪১	৯১%	১৬৩১৯৫
৪২৮৭৯৩০০	৩৯৩৩০৩	৭০৪৬	৮৮%	৫২৯১৮২
২০৪৩৭০৫৭	৬৩৮৩৯	১৩০৩	৮৮%	২৫২৩১২
১৮৯৪২০০০	২৪১৫০০	৯৮৯	৯৮%	২৬৫৯৭

(ছ) প্রাতিষ্ঠানিক সেবাদান কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি:

কার্যালয়ের নাম	অনুমোদিত আসন সংখ্যা	বর্তমান নিবাসীর সংখ্যা
সরকারি শিশু পরিবার (বালক), রংপুর	১৭৫ জন	৫৫ জন
সরকারি শিশু পরিবার (বালিকা), রংপুর	১০০ জন	৭০ জন
সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম, রংপুর	১০ জন	০৯ জন

(জ) দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ:

কার্যালয়ের নাম	প্রশিক্ষণের ধরন (ট্রেড)			
	কম্পিউটার (জুলাই-ডিসেম্বর) ০৬ মাস মেয়াদী	মোবাইল সার্ভিসিং	ড্রেস ম্যাকিং এন্ড টেইলারিং	ইলেকট্রিক্যাল হাওয়্যারিং
১. শহর সমাজসেবা কার্যালয়, রংপুর	২১২	০	০	০
২. আর্থ-সামাজিক প্রশিক্ষণ কেন্দ্র, রংপুর	৮১	০	১৪	০

(ঝ) প্রবেশন কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি:

কার্যালয়ের নাম	জুলাই ২০২৬ মাসে আগত প্রবেশনার সংখ্যা	ক্রমপুঞ্জিত প্রবেশনার সংখ্যা	বর্তমানে চলমান প্রবেশনার/কেস সংখ্যা
প্রবেশন অফিসারের কার্যালয়, রংপুর	০৪ জন	৬৬৫ জন	১৭৩ জন
প্রবেশন অফিসারের কার্যালয় সিএমএম কোর্ট, রংপুর	০৬ জন	২৩২ জন	১৭৬ জন

সকল ভাতাভোগীর অনলাইন ডাটাবেজ জেলাধীন dss.bhata.gov.bd-তে উপকারভোগীদের তথ্য প্রতি ইউনিট কর্তৃক নিয়মিত আপডেট করা হয়েছে।

ক) সভাপতি অযোগ্য কোন ব্যক্তি কোন ক্যাটাগরির ভাতা পাচ্ছে কিনা তা মনিটরিং করে ভাতাভোগী হালনাগাদ বিষয়ে উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।

খ) সভাপতি স্বামীর মৃত্যু নিবন্ধন সনদ প্রাপ্তি সাপেক্ষে বিধবা ভাতার উপকারভোগী নির্বাচন করার বিষয়ে উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।

গ) সভাপতি বৈষম্য বিরোধী ছাত্র জনতার গণ অভ্যুত্থানে আহত রোগীদের আর্থিক সহায়তা নিশ্চিতকরণের নিমিত্ত জেলা প্রশাসন, রংপুর-এর সাথে

	সমন্বয়ের মাধ্যমে বৈষম্য বিরোধী ছাত্র জনতার গণ অভ্যুত্থানে আহত রোগীদের অনুদানের অর্থ প্রদান নিশ্চিত করার বিষয়ে উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। ঘ) সভাপতি ২০২৫-২০২৬ অর্থবছরে প্রাপ্ত বরাদ্দ ও গৃহীত কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত সঠিকভাবে উপকারভোগী বাছাই করতে এবং সকল ভাতাভোগীদের অনলাইন ডাটাবেজ হালনাগাদ রাখতে উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।		
৪৩	**প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, রংপুর:** প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, রংপুর জানান, প্রত্যন্ত অঞ্চলে প্রতিবন্ধী ব্যাক্তিবর্গের প্রতিবন্ধীতার মাত্রা ও ঝুকি নিরসনের জন্য মোবাইল থেরাপি ভ্যানের কার্যক্রম ক্যাম্প স্থাপন পূর্বক বিনামূল্যে থেরাপি সেবা কার্যক্রম চলমান রয়েছে। সহায়ক উপকরণ বিতরণ অব্যাহত রয়েছে । **প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, রংপুরে আগত সেবাগ্রহিতাদের সেবা সম্পর্কিত তথ্যঃ** আগস্ট **২০২৬ খ্রি.** আগস্ট/২৬ মাসে নতুন রোগী রেজিস্ট্রেশন মোট ৯৪ জন। (পুরুষ ৩৮ জন, মহিলা ৩২ জন এবং শিশু ২৪ জন)। ক) সভাপতি রংপুর জেলায় বসবাসরত প্রতিবন্ধী ব্যক্তিদের থেরাপিউটিক সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, রংপুর-এ মোবাইল থেরাপি ভ্যানের সংখ্যা বাড়ানোর বিষয়ে প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।	১। রংপুর জেলায় বসবাসরত প্রতিবন্ধী ব্যক্তিদের থেরাপিউটিক সেবা নিশ্চিত করার লক্ষ্যে প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, রংপুর-এ মোবাইল থেরাপি ভ্যানের সংখ্যা বাড়ানোর বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। ২। প্রতিবন্ধী সেন্টারগুলোতে আবশ্যিকভাবে ক্লাস্টার ভিত্তিক কেয়ার গিভার সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।	প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, রংপুর
৪৪	**মহিলা বিষয়ক অধিদপ্তর, রংপুর:** উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রংপুর জানান, ভিডব্লিউবি কর্মসূচির উপকারভোগীর সংখ্যা ২৩,১০৪ জন। আগস্ট /২০২৬ মাসে খাদ্য-শষ্য বিতরণ করা হয়েছে । ২০২৫-২০২৭ চক্রে ভিডব্লিউবি কর্মসূচির উপকারভোগীর সংখ্যা ২৩,১০৪ জন নির্বাচন করা হয়েছে। খাদ্য বিতরণ চলমান। রংপুর জেলাধীন সিটি কর্পোরেশন, পৌরসভা এবং ৮টি উপজেলাসহ মা ও শিশু সহায়তা কর্মসূচী'র উপকারভোগীদের স্ব-স্ব হিসাবে প্রতিমাসে ৮৫০ টাকা করে ভাতা প্রদান করা হয়। ভাতা প্রদান চলমান। ৭৬ টি ইউনিয়নে উপকারভোগীর সংখ্যা- ২১৬৮৮ জন। ৩টি পৌরসভার উপকারভোগীর সংখ্যা- ৩৩৫৪ জন। সিটি কর্পোরেশনে উপকারভোগীর সংখ্যা- ১১৬৭৪ জন। রংপুর জেলাধীন ৮টি উপজেলায় * ঋণ গ্রহিতার সংখ্যা- ৩,৩৩৯ জন। * বিতরণকৃত ঋণের পরিমাণ= ৩,৯৪,৯২,৪০০/- টাকা। * ঋণ আদায়ের পরিমাণ= ২,২৭৬৬০৮৫/- টাকা * ঋণ অনাদায়ীর পরিমাণ =১৪৬২২৯১৪/- টাকা * ঋণ আদায়ের হার ৬৯% * চলতি মাসে ঋণ আদায়- ২,২২,২২৯/- টাকা * চলতি মাসে ঋণ বিতরণ- নাই। *ঋণ গৃহীতার সংখ্যা- নাই। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় রংপুর জেলায় ইউনিয়ন পর্যায়ে ৭৬ টি এবং পৌরসভায় ০৩টি মোট ৭৯ টি কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। কার্যক্রম চলমান। ড্রেস মেকিং এন্ড টেইলারিং, ব্লক-বাটিক এন্ড প্রিন্টিং, শো-পিচ এন্ড হ্যান্ডিক্রাফট, বিউটিফিকেশন এবং ব্যাগ মেকিং ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা	১। ডে কেয়ার সেন্টার এর রেলিং ঠিক করার জন্য পত্র প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। বিভিন্ন প্রশিক্ষণ ট্রেডে প্রশিক্ষণার্থী বাছাইয়ের পূর্বে একই প্রশিক্ষণার্থী যেন বারবার প্রশিক্ষণ এর সুযোগ না পায় এবং অন্যরা যেন প্রশিক্ষণের সুযোগ পায় সে বিষয়ে নজরদারী বাড়াতে হবে। ৩। ভিজিএফ এর চাল বিতরনের প্রক্রিয়া দ্রুত বাস্তবায়ন করতে হবে। ৪। কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম আরও দৃশ্যমান করতে হবে। ৫। মা ও শিশু সহায়তা কর্মসূচিসহ বিভিন্ন ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৬। রংপুর জেলায় বাল্যবিবাহ রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৭। উপকারভোগীদের মোবাইল নম্বর ও এনআইডিসহ তালিকার এক সেট জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে। ৮। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।	উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর রংপুর

	হয়। প্রতিটি ট্রেডে ২০ জন করে মোট ১০০ জন প্রশিক্ষণার্থী রয়েছে। শিশু দিবাযত্ন কেন্দ্রে মোট আসন সংখ্যা-৬০ জন। এর মধ্যে আগস্ট /২০২৬ মাসে শিশু ভর্তি হয়েছে ৪৮ জন। ক) সভাপতি মা ও শিশু সহায়তা কর্মসূচিসহ বিভিন্ন ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।		
৪৫	**জাতীয় মহিলা সংস্থা, রংপুর:** চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, রংপুর জানান, জাতীয় মহিলা সংস্থা, রংপুর জেলা কার্যালয়ে অত্রাঞ্চালের দুঃস্থ অসহায়, অর্ধশিক্ষিত, বেকার মহিলাদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ও আত্মনির্ভর শীলতা অর্জনের জন্য বৃত্তিমূলক সেলাই ও এমব্রয়ডারি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে। প্রতি ০৪ (চার) মাস অন্তর অন্তর ৩০(ত্রিশ) জন মহিলাকে প্রশিক্ষণ প্রদান করে সার্টিফিকেট প্রদান করা হয়। বর্তমান ২০২৬-২৭ অর্থ বছরের সেলাই ও এমব্রয়ডারি প্রশিক্ষণ কার্যক্রমের ১ম ব্যাচ (জুলাই/২০২৬খ্রি: হতে অক্টোরব/২০২৬খ্রি:) পর্যন্ত ৪ (চার) মাসের প্রশিক্ষণ কার্যক্রমটি চলমান রয়েছে। জাতীয় মহিলা সংস্থা, রংপুর কর্তৃক পরিচালিত জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ এর মাধ্যমে ৬ মাস অন্তর অন্তর (৫০+৫০)=১০০ জন প্রশিক্ষণার্থীকে''Certificate Course in Computer office Application'' এবং ''Certificate Course in Graphics Design and Multimedia Programming''প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। বর্তমান জাতীয় মহিলা সংস্থা, রংপুর জেলা কার্যালয়ের নিয়মিত কার্যক্রম মহিলাদের কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের জুলাই/২০২৬ থেকে ডিসেম্বর/২০২৬ তারিখ পর্যন্ত ৬ মাসের প্রশিক্ষণার্থীদের (৫০+৫০)=১০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। গত অর্থ বছরে ১০০ জন প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং তাদেরকে সার্টিফিকেট প্রদান করা হয়েছে। ক) সভাপতি প্রশিক্ষণার্থীর ওভারল্যাপিং বন্ধে একই প্রশিক্ষণার্থী যেন একাধিকবার ট্রেনিং নিতে না পারে সে বিষয়ে চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।	১। প্রশিক্ষণার্থীর ওভারল্যাপিং বন্ধে একই প্রশিক্ষণার্থী যেন একাধিকবার ট্রেনিং নিতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৩। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।	চেয়ারম্যান জাতীয় মহিলা সংস্থা, রংপুর
৪৬	**জেলা সমবায় অফিস, রংপুর:** জেলা সমবায় কর্মকর্তা, রংপুর -এর পক্ষে জানানো হয়, সমবায় বিভাগ, রংপুর এর আগস্ট ২০২৬ মাসের কার্যক্রমসমূহের বিভাগীয় অগ্রগতি প্রতিবেদন (প্যারা আকারে)- ১. <u>সরকারী রাজস্ব অডিট ফি (২০২৫-২০২৬ অর্থ বছর)</u> : মোট ধার্য ১৮৩৬০.০০ টাকা, এ পর্যন্ত আদায় ০০ টাকা, আদায় বাকি ১৮৩৬০.০০ টাকা, আদায়ের হার ০%। ২. <u>সমবায় উন্নয়ন তহবিল (২০২৫-২০২৬ অর্থ বছর)</u> : মোট ধার্য ৬৪৪২.০০ টাকা, এ পর্যন্ত আদায় ০০ টাকা, আদায় বাকি ৬৪৪২.০০ টাকা, আদায়ের হার ০%। ৩. <u>নিবন্ধন ফি (২০২৫-২০২৬ অর্থ বছর)</u> : লক্ষ্যমাত্রা ০০ টাকা আগস্ট/২০২৬ খ্রি: মাসে আদায় (ভ্যাটসহ) ০০ টাকা, আগস্ট/২০২৬ খ্রি:: মাস পর্যন্ত আদায় ৩৪৫.০০ (ভ্যাটসহ) টাকা, আদায় বাকি ০০ টাকা, আদায়ের হার ১০০%। ৪. <u>ভ্রাম্যমাণ প্রশিক্ষণ</u> : বছরের লক্ষ্যমাত্রা ৩২টি (৮০০ জন), আগস্ট /২০২৬ খ্রি: মাসে প্রশিক্ষণ ০০টি আগস্ট/২০২৬ খ্রি:মাস পর্যন্ত প্রশিক্ষণ ০০টি, প্রশিক্ষণ বাকি ৩২টি , অগ্রগতির হার ০%। ৫. <u>সমবায় একাডেমী ও আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট এ সমবায়ী প্রেরনের তথ্য</u> : লক্ষ্যমাত্রা ০০ জন, আগস্ট /২০২৬ খ্রি: মাসে প্রশিক্ষণ ১২ জন, আগস্ট /২০২৬ খ্রি: মাস পর্যন্ত প্রশিক্ষণ ২২ জন, অগ্রগতির হার ১০০%, প্রশিক্ষণ চলমান। ৬. <u>অডিট অগ্রগতি (২০২৫-২০২৬ অর্থ বছর)</u> : মোট বরাদ্দ সমিতির সংখ্যা ৯৮৭ টি, আগস্ট/২০২৬ খ্রি: মাসে সম্পাদন ১৬৭ টি, আগস্ট/২০২৬ খ্রি:	১। জেলা সমবায় অফিস, রংপুর কর্তৃক অডিট কার্যক্রম যথাযথভাবে সম্পন্নের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। ৩। সমবায় সমিতিগুলোর বছর শেষে লভ্যাংশ সকল সদস্য যেন পায় তা নিশ্চিত করতে হবে। ৪। স্থিরচিত্রসহ প্রতিবেদন জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে। ৫। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা আগামী সভার পূর্বে প্রেরণ নিশ্চিত করতে হবে।	জেলা সমবায় কর্মকর্তা রংপুর

মাস পর্যন্ত সম্পাদন ১৭৭ টি, অগ্রগতির হার ১৭.৯৩%।

৭. <u>সমবায় সমিতির লভ্যাংশ বিতরনের তথ্য</u> : চলতি মাসে লভ্যাংশ বিতরণের পরিমাণ (লক্ষ টাকায়) ০০, গত মাস পর্যন্ত লভ্যাংশ বিতরণের পরিমাণ (লক্ষ টাকায়) ০, বর্তমান মাস পর্যন্ত লভ্যাংশ বিতরণের পরিমাণ (লক্ষ টাকায়) ০%।

৮. <u>সমবায়ের মাধ্যজুলাই প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি</u> :

(ক) প্রকল্পের নাম- দুগ্ধ ও মাংস উৎপাদন প্রকল্প, উপজেলার নাম- গংগাচড়া, সমিতির সংখ্যা ৩৮ টি , সদস্য সংখ্যা ৩০৮৩ জন, প্রশিক্ষণ প্রদান ৩০৮৩ জন, ঋণ তহবিল (আসল) লক্ষ টাকা ২১২৮.০০, বিতরণকৃত ঋণ (ক্রমপুঞ্জিভূত) লক্ষ টাকা ৩২০৭.৪ আদায়কৃত ঋণ (ক্রমপুঞ্জিভূত) লক্ষ টাকা ১০৯৭.০২৭ আদায়ের হার ৩৪.২০%, আদায় চলমান।

(খ) প্রকল্পের নাম- উন্নত জাতের গাভী পালন প্রকল্প, উপজেলার নাম- গংগাচড়া ও পীরগঞ্জ, সমিতির সংখ্যা ৪ টি , সদস্য সংখ্যা ৪১৭ জন, প্রশিক্ষণ প্রদান ৪১৭ জন, ঋণ তহবিল (আসল) লক্ষ টাকা ৪৮০.০০, বিতরণকৃত ঋণ (ক্রমপুঞ্জিভূত) লক্ষ টাকা ৭১৩.৫৪, আদায়কৃত ঋণ (ক্রমপুঞ্জিভূত) লক্ষ টাকা ৫২৯.৯২ আদায়ের হার ৭৪.১৯%, আদায় চলমান।

(গ) প্রকল্পের নাম- সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরন প্রকল্প, উপজেলার নাম- গংগাচড়া, সমিতির সংখ্যা ৩ টি , সদস্য সংখ্যা ৩০ জন, প্রশিক্ষণ প্রদান ৩০ জন, ঋণ তহবিল (আসল) লক্ষ টাকা ০.৩০, বিতরণকৃত ঋণ (ক্রমপুঞ্জিভূত) লক্ষ টাকা ৩.৫৭ আদায়কৃত ঋণ (ক্রমপুঞ্জিভূত) লক্ষ টাকা ৩.২৯ আদায়ের হার ৯২.১৫%, আদায় চলমান।

(ঘ) প্রকল্পের নাম- ফ্যামিলি ওয়েল ফেয়ার প্রকল্প, উপজেলার নাম- গংগাচড়া, সমিতির সংখ্যা ৩ টি , সদস্য সংখ্যা ২৭ জন, প্রশিক্ষণ প্রদান ২৭ জন, ঋণ তহবিল (আসল) লক্ষ টাকা ০.২ বিতরণকৃত ঋণ (ক্রমপুঞ্জিভূত) লক্ষ টাকা ২.৭৮ আদায়কৃত ঋণ (ক্রমপুঞ্জিভূত) লক্ষ টাকা ২.৪৮ আদায়ের হার ৮৯.২০%, আদায় চলমান।

(ঙ) প্রকল্পের নাম- দুগ্ধ ঘাটতি প্রকল্প, উপজেলার নাম- মিঠাপুকুর ও কাউনিয়া সমিতির সংখ্যা ৪ টি , সদস্য সংখ্যা ২০০ জন, প্রশিক্ষণ প্রদান ২০০ জন, ঋণ তহবিল (আসল) লক্ষ টাকা ৪০০.০০, বিতরণকৃত ঋণ (ক্রমপুঞ্জিভূত) লক্ষ টাকা ৪০০.০০টাকা। মিঠাপুকুর উপজেলায় বিতরণকৃত ঋণ (ক্রমপুঞ্জিভূত) ২০০.০০ আদায়কৃত ঋণ (ক্রমপুঞ্জিভূত) লক্ষ টাকা **৩৫.৮৭** আদায়ের হার ১৭.৯৩%, মিঠাপুকুর উপজেলায় চলতি মাসে আদায়যোগ্য ৬.৬০ লক্ষ টাকা আদায় ২.৬৪ লক্ষ টাকা। আদায়ের হার ৪০% আদায় চলমান। (কাউনিয়া উপজেলায় এখনো আদায় শুরু হয় নাই)।

(চ) প্রকল্পের নাম- কোঅপারেটিভ মডেল গ্রাম, উপজেলার নাম- মিঠাপুকুর, সমিতির সংখ্যা ১ টি , সদস্য সংখ্যা ৪৫০ জন, প্রশিক্ষণ প্রদান ৪৫০ জন, ঋণ তহবিল (আসল) লক্ষ টাকা ১৫০.০০, বিতরণকৃত ঋণ (ক্রমপুঞ্জিভূত) লক্ষ টাকা ২৩৯.০০, আদায়কৃত ঋণ (ক্রমপুঞ্জিভূত) লক্ষ টাকা ১৫৪.৬৩, আদায়ের হার ৭৯.০০%, আদায় চলমান।

ক) সভাপতি জেলা সমবায় অফিস, রংপুর কর্তৃক অডিট কার্যক্রম যথাযথভাবে সম্পন্নের বিষয়ে জেলা সমবায় কর্মকর্তা, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।

খ) সভাপতি, সমবায় সমিতিগুলোর বছর শেষে লভ্যাংশ সকল সদস্য যেন পায় তা নিশ্চিত করতে জেলা সমবায় কর্মকর্তা, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।

৪৭	**আঞ্চলিক শ্রম দপ্তর, রংপুর :** উপপরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, রংপুর জানান, আগষ্ট ২০২৬ খ্রিঃ মাসে রংপুর জেলার শ্রম পরিস্থিতি পর্যবেক্ষণ করা হয়েছে। আগষ্ট ২০২৬খ্রিঃ মাসে ৬৪০ জন শ্রমিক/মালিককে শিল্প সর্ম্পক উন্নয়ন, ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন, দ্বি-বার্ষিক/ত্রি-বার্ষিক নির্বাচন, বার্ষিক আয় ব্যয়ের হিসাব বিবরণী দাখিল, সিবিএ নির্বাচন সহ শ্রম আইন সংশ্লিষ্ট পরার্মশ প্রদান করা হয়েছে। আগষ্ট ২০২৬খ্রিঃ মাসে রংপুর জেলা ৩ টি রেজিস্ট্রার্ড ট্রেড ইউনিয়ন এর বার্ষিক আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অনুমোদন করা হয়। আগষ্ট ২০২৬ মাসে রংপুর জেলায় একটি অংশ্রগহণকারী কমিটির নির্বাচন তত্বাবধান করা হয়। আগষ্ট ২০২৬খ্রিঃ মাসে ট্রেড ইউনিয়ন সংক্রান্ত ০২ টি শ্রম মামলা শ্রম আদালতে চলমান রংপুর এ পরিচালনা করা হচ্ছে। আগষ্ট ২০২৬ মাসে গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫ বাস্তবায়নে বিভাগীয় কমিটির সভা আয়োজন করা হয়। আগষ্ট ২০২৬খ্রিঃ মাসে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন হতে শ্রমিক ও শ্রমিক পরিবারের সদস্যগণের চিকিৎসা সহায়তা ও শিক্ষা সহায়তার ৩২ খানা আবেদন মহাপরিচালক, শ্রম অধিদপ্তর ঢাকায় প্রেরণ করা হয়।	১। শ্রমিক নির্বাচনের ক্ষেত্রে সচেতনতা বৃদ্ধি নিশ্চিত করতে হবে। ২। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৩। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।	উপপরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর, রংপুর
৪৮	**বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, রংপুর:** উপপরিচালক, বিআরডিবি, রংপুর জানান, ২০২৬-২০২৭ অর্থ বছরে আগস্ট/২০২৬ পর্যন্ত শেয়ার ও সঞ্চয় জমা ১৬.৫৩ লক্ষ টাকা, ঋণ বিতরণ ৭৩২.২৩ (ক্ষুদ্র ঋণ ৫৫২.৭৩ ও উদ্যোক্তা ঋণ ১৭৯.৫০) লক্ষ টাকা ও ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ আদায় ৬৮১.৪৭ লক্ষ টাকা হয়েছে। এছাড়া অপ্রধান শস্য প্রকল্পে ১৩৪ জন সদস্যকে ৫৩.৭৩ লক্ষ টাকা ঋণ বিতরণ ৫২.৬৬ লক্ষ টাকা আদায় হয়েছে। আদায়যোগ্য ঋণের বিপরীতে বাৎসরিক ঋণ আদায়ের হার ৯২%। ২০২৬-২০২৭ অর্থবছরে ৩০০০ জন সুফলভোগী সদস্যদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। অদ্যাবধি প্রশিক্ষণ খাতে বরাদ্দ পাওয়া যায় নাই। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ কার্যক্রমের তথ্য অবহিত করা হবে। রংপুর জেলার ৫টি উপজেলায় দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) প্রকল্পের আওতায় প্রতি উপজেলায় ২টি করে হাইস্কুল এর স্কুল প্রতি ১০০ জন কিশোরীকে মাসিক ২০০ টাকা সঞ্চয় জমার বিপরীতে ৪০০ টাকা সঞ্চয় অনুদান প্রদান করা হচ্ছে। এ পর্যন্ত সঞ্চয় জমা ৭৯.৭১ লক্ষ টাকা এবং অনুদান প্রদানের পরিমাণ ১৫০.৩৭ লক্ষ টাকা। ক) সভাপতি কারিগরি শিক্ষার মাধ্যমে উদ্যোক্তা তৈরি ও কর্মসংস্থানের ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে উপপরিচালক, বিআরডিবি, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।	১। কারিগরি শিক্ষার মাধ্যমে উদ্যোক্তা তৈরি ও কর্মসংস্থানের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। ২। ঋণ প্রাপ্তদের মোবাইল নম্বর, এনআইডি নম্বরসহ প্রশিক্ষণ প্রাপ্তদের তালিকার এক সেট এবং প্রশিক্ষণ প্রদানের স্থিরচিত্র জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে। ৩। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৪। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।	উপপরিচালক বিআরডিবি, রংপুর

<table>
<tr>
<td>৪৯</td>
<td>
যুব উন্নয়ন অধিদপ্তর, রংপুর:
উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রংপুর জানান, আগস্ট ২০২৬ মাসে নিম্নবর্ণিত কার্যক্রম সম্পন্ন করা হয়েছে:
<table>
<tr><td rowspan="3">১। প্রশিক্ষণ প্রদান:</td><td colspan="3">আগস্ট ২০২৬ মাসের অগ্রগতি</td></tr>
<tr><td>যুব</td><td>যুবনারী</td><td>মোট</td></tr>
<tr><td>১১৬ জন</td><td>৭৯জন</td><td>১৯৫ জন</td></tr>
<tr><td colspan="4"></td></tr>
<tr><td rowspan="3">২। আত্মকর্মসংস্থান:</td><td colspan="3">আগস্ট ২০২৬ মাসের অগ্রগতি</td></tr>
<tr><td>যুব</td><td>যুব</td><td>যুব</td></tr>
<tr><td>৩১ জন</td><td>২৭ জন</td><td>৫৮ জন</td></tr>
</table>
<table>
<tr><td colspan="5">৩। ঋণ কর্মসূচি:</td></tr>
<tr><td colspan="5">আগস্ট ২০২৬ মাসের অগ্রগতি</td></tr>
<tr><td>ঋণ বিতরণ</td><td>উপকারভোগীর সংখ্যা</td><td>আদায়যোগ্য</td><td>আদায়কৃত</td><td>আদায়ের হার</td></tr>
<tr><td>১২৯০০০০/-</td><td>১১ জন</td><td>১২৭০০৩১/-</td><td>১২৩৮০১৩/-</td><td>৯৭%</td></tr>
</table>
<table>
<tr><td colspan="2">৪। যুব সংগঠনের তথ্য:</td></tr>
<tr><td>আগস্ট ২০২৬ মাসের নিবন্ধনকৃত যুব সংগঠনের সংখ্যা</td><td>ক্রমপুঞ্জিত নিবন্ধনকৃত যুব সংগঠনের সংখ্যা</td></tr>
<tr><td>২ টি</td><td>২১৮ টি</td></tr>
</table>
ক) সভাপতি প্রশিক্ষণপ্রাপ্ত যুবকদের স্বাবলম্বী এবং আত্মনির্ভরশীল করে গড়ে তোলার জন্য ঋণ প্রাপ্তি নিশ্চিত করতে উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।
খ) সভাপতি যুব উন্নয়ন অধিদপ্তর, রংপুর কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণসমূহ যথাসময়ে নিষ্পত্তির বিষয়ে উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।
</td>
<td>১। প্রশিক্ষণপ্রাপ্ত যুবাদের স্বাবলম্বী এবং আত্মনির্ভরশীল করে গড়ে তোলার জন্য ঋণ প্রাপ্তি নিশ্চিত করতে হবে।
২। যুব উন্নয়ন অধিদপ্তর, রংপুর কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণসমূহ যথাসময়ে নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৩। যুব কল্যাণ তহবিল থেকে প্রাপ্ত অনুদান যথাযথভাবে অনুমোদিত যুব সংগঠনগুলোর মাঝে বিতরণ নিশ্চিত করতে হবে।
৪। ঋণ প্রদানসহ প্রশিক্ষণ প্রাপ্তদের তালিকা জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।
৫। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।</td>
<td>উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, রংপুর।</td>
</tr>
<tr>
<td>৫০</td>
<td>বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, রংপুর:
আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, রংপুর জানান,
আইসিটি বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের ভর্তি বিজ্ঞপ্তি অনুযায়ী ভর্তি কার্যক্রম চলমান রয়েছে।
১৮ জন প্রশিক্ষণার্থী নিয়ে ১২০ ঘন্টা মেয়াদী "নেটওয়ার্ক এডমিনিস্ট্রেশন এন্ড আইএসপি সেটআপ" বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।
২০ জন প্রশিক্ষণার্থী নিয়ে ৯০ ঘন্টা মেয়াদী "কম্পিউটার এপ্লিকেশন ফর স্মার্ট অফিস ম্যানেজমেন্ট" বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।
এছাড়া সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে।</td>
<td>১। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।
২। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।</td>
<td>আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
রংপুর</td>
</tr>
</table>

৫১	**কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রংপুর:** অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রংপুর জানান, রংপুরের বেকার ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে রংপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে পরিচালিত ৭টি ট্রেডে ৩ মাস মেয়াদি নিয়মিত কোর্স এবং ৩০ দিনের আবাসিক হাউজ কিপিং কোর্স (বিদেশগামী নারী কর্মীদের জন্য), ৩ দিনের প্রি-ডিপার্চার প্রশিক্ষণ কোর্স (বিদেশগামী কর্মীদের জন্য), জাপানীজ, কোরিয়ান ও ইংরেজী ভাষা শিক্ষা কোর্স, "দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান" শীর্ষক প্রকল্পের আওতায় ৩ মাস মেয়াদী ড্রাইভিং কোর্স এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক SICIP প্রকল্পের আওতায় ৪ মাস মেয়াদী মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স কোর্স ও ৩টি অকুপেশনে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে বেকার পুরুষ ও নারীকে কর্মসংস্থান উপযোগি করে দেশে ও বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থা করণের বিষয়ে উদ্বুদ্ধকরণ। ক) সভাপতি রংপুর জেলাকে শিল্পে অগ্রসর করতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করার জন্য সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, রংপুর এবং অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। খ) সভাপতি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রংপুর-এ প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার বিষয়ে জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি ২ এবং অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। গ) সভাপতি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রংপুর কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণসমূহ যথাযথভাবে সম্পন্ন করার বিষয়ে অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।	১। রংপুর জেলাকে শিল্পে অগ্রসর করতে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করতে হবে। ২। কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রংপুর-এ প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৩। কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রংপুর কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণসমূহ যথাযথভাবে সম্পন্ন করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৪। নিয়মিত দাপ্তরিক কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। ৫। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।	১। অধ্যক্ষ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, রংপুর ২। জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি ২, পাগলাপীর, রংপুর।
৫২	**প্রবাসী কল্যাণ সেন্টার, রংপুর:** সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ সেন্টার, রংপুর জানান, কোভিড-১৯ এর প্রভাবে বিভিন্ন দেশ হতে কাজ হারিয়ে প্রায় ৫ লক্ষ অভিবাসী কর্মী দেশে ফেরত এসেছেন। প্রত্যাগত অধিকাংশ কর্মী কর্মহীন অবস্থায় রয়েছেন এবং নানা ধরনের প্রতিকূল পরিস্থিতির সম্মুখ হচ্ছেন। বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় "Recovery and Advancement of Informal Sector Employment (RAISE): Reintegration of Returning Migrants" শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে যথাযথ মাধ্যমে প্রত্যক্ষভাবে প্রশিক্ষণের ২০,০০০ জন বিদেশ ফেরত কর্মীকে আত্মকর্মসংস্থানে সহায়তা প্রদান। **<u>আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত তথ্য-</u>** • আর্থিক অনুদান প্রাপ্তির তদন্ত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে=০৪ টি। • জীবন বীমা প্রাপ্তির তদন্ত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে=৭ টি। • বীমা প্রাপ্তির জন্য আবেদন প্রেরণ করা হয়েছে=০৬ টি। • চিকিৎসা সংক্রান্ত আর্থিক অনুদান প্রাপ্তির জন্য আবেদন প্রেরণ করা হয়েছে=০৩ টি। **<u>নিবন্ধন সংক্রান্ত তথ্য-</u>** নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে।	১। নিয়মিত দাপ্তরিক কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। ২। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।	সহকারী পরিচালক প্রবাসী কল্যাণ সেন্টার, রংপুর

০৪. নির্মাণ, প্রকৌশল, শিল্প ও যোগাযোগ সংশ্লিষ্ট দপ্তরভিত্তিক আলোচনাঃ
(এসডিজি গোল ৬, ৭, ৯, ১২)

ক্রম	আলোচ্যসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৬৭	**বাংলাদেশ টেলিভিশন, রংপুর উপকেন্দ্র, রংপুর:** টেলিভিশন প্রকৌশলী ও উপকেন্দ্র প্রধান, রংপুর উপকেন্দ্র, বাংলাদেশ টেলিভিশন জানান, বাংলাদেশ টেলিভিশন, রংপুর উপকেন্দ্র একটি রাষ্ট্রীয় সম্প্রচার গণমাধ্যম এবং কেপিআইভুক্ত সরকারি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি রংপুর কেন্দ্রীয় বাস টার্মিনাল সংলগ্ন ঢাকা-দিনাজপুর মহাসড়ক, আর কে রোড, সাতগাড়ায় ১১.৭৮ একর জায়গায় অবস্থিত। ১৯৭৮ সালে স্থাপিত এ প্রতিষ্ঠানটি চর্তুদিকে ১২০ কিলোমিটার এলাকায় টেরিস্ট্রিয়াল সম্প্রচার কার্যক্রম পরিচালনায় মূখ্য ভূমিকা পালন করছে। এ অঞ্চলের জনগোষ্ঠির মাঝে তথ্য, শিক্ষা, খবর, বিনোদনসহ রাষ্ট্রীয় অনুষ্ঠান সম্প্রচার করাই মূল কাজ।বাংলাদেশ টেলিভিশন, রংপুর উপকেন্দ্র একটি ১ (গ) শ্রেণির কেপিআইভুক্ত প্রতিষ্ঠান যার নম্বর-১৯৬। কেপিআই নিরাপত্তা নীতিমালা অনুযায়ী এর সীমানা প্রাচীর হতে ১০ (দশ) মিটারের মধ্যে ভূগর্ভস্থ পয়:নিষ্কাশন পাইপ/সুড়ঙ্গ পথসহ যে কোন স্থাপনা নির্মাণের ক্ষেত্রে কেপিআইডিসির মতামত/ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। এ জন্য বিটিভি, রংপুর উপকেন্দ্র হতে সীমানা প্রাচীর সংলগ্ন এলাকায় নিয়মিত পরিদর্শন ও প্রচারণার মাধ্যমে অবহিত করা হয়। নিয়মিত পরিদর্শনের ধারাবাহিকতায় গত ২৩.০৩.২০২৫ তারিখে জমির মালিক জনৈক মো: মোফাজ্জল হোসেন নামক ব্যক্তির নির্মাণ শ্রমিকরা এ উপকেন্দ্রের সীমানা প্রাচীর সংলগ্ন জমিতে স্থাপনা নির্মাণের উদ্দেশ্যে বেসমেন্টের গর্ত করার কাজ শুরু করায় তা বন্ধ করার জন্য জমির মালিক ঘটনাস্থলে উপস্থিত না থাকায় নির্মাণ শ্রমিকদেরকে নির্মাণ কাজ বন্ধ রাখতে বলা হয় এবং জমির মালিককে অফিসে যোগাযোগ করতে অনুরোধ করা হয়। জমির মালিক অফিসে যোগাযোগ না করে পুনরায় ২৩.০৪.২০২৫ তারিখে নির্মাণ কাজ শুরু করলে জমির মালিককে না পাওয়ায় নির্মাণ শ্রমিকদেরকে কাজ বন্ধ করতে বলা হয় (নির্মাণাধীন কাজের ছবি সংযুক্ত)। বিষয়টি ২৯.০৪.২০২৫ তারিখে বিটিভি, সদর দপ্তরে এবং ১৩.০৫.২০২৫ তারিখে উপ-পুলিশ কমিশনার (সিটিএসবি), রংপুর ও সভাপতি কেপিআই জরিপ কমিটি, রংপুর মহোদয়কে পত্রের মাধ্যমে অবহিত করা হয়। কিন্তু অদ্যাবধি নির্মাণ কাজ বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণ না করায় নির্মাণ কাজ চলমান রয়েছে (ছবি সংযুক্ত)। বাংলাদেশ টেলিভিশন, রংপুর উপকেন্দ্র একটি রাষ্ট্রীয় সম্প্রচার গণমাধ্যম এবং কেপিআইভুক্ত সরকারি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি রংপুর কেন্দ্রীয় বাস টার্মিনাল সংলগ্ন ঢাকা-দিনাজপুর মহাসড়ক, আর কে রোড, সাতগাড়ায় অবস্থিত। প্রতিষ্ঠানটির হালনাগাদ কর পরিশোধ আছে। এ উপকেন্দ্রটির মেইন রোডের সামনে সীমানা প্রাচীর সংলগ্ন সিটি কর্পোরেশন, রংপুর দপ্তরের নিয়ন্ত্রণাধীন ড্রেনটির মুখ একদিকে বন্ধ থাকায় এবং সীমানা প্রাচীর সংলগ্ন বসবাসকারীদের সুয়ারেজ লাইন অবৈধভাবে সীমানা প্রাচীর ভেঙ্গে প্রবেশ করে দেওয়ায় এ উপকেন্দ্রের অভ্যন্তরে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে। এতে অফিস অভ্যন্তরে ময়লা পানি প্রবেশ করে রাস্তাঘাট ডুবে যাওয়ায় চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এছাড়াও এ উপকেন্দ্রের অভ্যন্তরে এবং সীমানা প্রাচীর সংলগ্ন জঙ্গল হওয়ায় মশার উপদ্রব বেড়ে যাচ্ছে। সিটি কর্পোরেশনের মাধ্যমে নিয়মিত তদারকি এবং মশা নিধন অভিযান পরিচালনা করা প্রয়োজন। গত ৩১.০৮.২০২৫ তারিখে প্রশাসক ও প্রধান নির্বাহী সিটি কর্পোরেশন, রংপুর মহোদয়কে পত্র দ্বারা অবহিত করা সত্ত্বেও কোনো দৃশ্যমান ব্যবস্থা পরিলক্ষিত হয়নি। বাংলাদেশ টেলিভিশন, রংপুর উপকেন্দ্র একটি ১(গ) শ্রেণির কেপিআইভু প্রতিষ্ঠান যার নম্বর-১৯৬। কেপিআই নিরাপত্তা নীতিমালা অনুযায়ী এর সীমানা প্রাচীর হতে ১০ (দ মিটারের মধ্যে ভূগর্ভস্থ পয়:নিষ্কাশন পাইপ/ সুড়ঙ্গ পথসহ যে কোন স্থাপনা নির্মাণের ক্ষেত্রে কেপিআইডিসির মতামত/ছাড় গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। এ জন্য বিটিভি, রংপুর উপকেন্দ্র হতে সীমানা প্রাচীর সংলগ্নএলাকায় নিয় পরিদর্শন ও প্রচারণার মাধ্যমে অবহিত করা হয়। নিয়মিত পরিদর্শনের ধারাবাহিকতায় গত ৩০.১১.২০২৫ তারি জমির মালিক বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রংপুর কার্যালয়ের উচ্চমান সহকারী জনাব মো: আজিজুর রহমান, পি মো: আব্দুল জলিল সাং- পর্যটন মোড়, আর. কে রোড সাতগাড়া থানা: কোতয়ালী জেলা: রংপুর মোবাই	১। বিটিভি, রংপুর উপকেন্দ্রের কেপিআই সীমানা প্রাচীর ঘেঁষে আবাসন স্থাপনা নির্মাণ বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২। বিটিভি, রংপুর উপকেন্দ্রের অভ্যন্তরের জলাবদ্ধতা নিরসনকল্পে মেইন রোডের সীমানা প্রাচীর সংলগ্ন বন্ধ ড্রেন সচল করা এবং জঙ্গল অপসারণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৩। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ৪। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।	১। টেলিভিশন প্রকৌশলী ও উপকেন্দ্র প্রধান, রংপুর উপকেন্দ্র, বাংলাদেশ টেলিভিশন ২। প্রধান নির্বাহী কর্মকর্তা রংপুর সিটি কর্পোরেশন রংপুর

ক্রম	আলোচ্যসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	০১৭২৩৯৮২০২৪ কর্তৃক এ উপকেন্দ্রের উত্তর পশ্চিম সীমানা প্রাচীর সংলগ্ন ফাঁকা জায়গায় মাটি ভরাট করার ফলে প্রা হেলে পড়া পরিলক্ষিত হওয়ায় তাৎক্ষনিক ভাবে জমির মালিককে অবহিত করা সত্ত্বেও তিনি কর্ণপ করেননি। অনাকাঙ্খিত দূর্ঘটনা এড়াতে ও রাষ্ট্রীয় কেপিআই ভুক্ত প্রতিষ্ঠানের সার্বিক নিশ্ছিদ্র নিরাপত্তা রক্ষ জরুরিভিত্তিতে ভরাটকৃত মাটি অপসারণ করলেও হেলে পড়া প্রাচীর পূর্বের অবস্থায় আনা করেননি।গণপূর্ত বিভাগ,রংপুর কর্তৃক সরেজমিন পরিদর্শন পূর্বক দাখিলকৃত প্রতিবেদনে হেলে পড়া সীমানা প্রাচী উক্ত অংশ ভেঙ্গে নতুন করে নির্মাণ করতে হবে মর্মে প্রতিবেদন দাখিল করেছেন (কপি সংযুক্ত এমতাবস্থায়, বিটিভি, রংপুর উপকেন্দ্রের কেপিআই সীমানা প্রাচীর ঘেঁষে মাটি ভরাট করার ফলে হেলে পড়া প্রাচীরের ত রাষ্ট্রের কেপিআইভুক্ত অতিগুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের প্রাচীরের সম্পদ ক্ষতি সাধন ও নিরাপত্তা বিঘ্নিত ক উক্ত ব্যক্তির বিরুদ্ধে ২৪.০৩.২০২৬খ্রি. তারিখের বিভাগীয় কমিশনার, রংপুর কার্যালয়ে 'রং বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটি'র আলোচনা সভার সিদ্ধান্তে ২৬.০৩.২০২৬ তারিখে রংপুর কোতয়ালী থানায় এফআইআর মামলা নং-৪৩/৯১ দায়ের করা হয়েছে (কপি সংযুক্ত)। আসামী বর্তমানে জামিনে আছে। মামলার আর্থিক মূল্য নিরুপন করার জন্য তদন্তকারী কর্মকর্তা গণপূর্ত বিভাগ, রংপুর কে পত্র দিয়েছেন। পত্রের জবাব প্রাপ্তি সাপেক্ষে মামলার চার্জশীট দাখিল করা হবে বলে তদন্তকারী কর্মকর্তা সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র) জনাব মো: একলাছুর রহমান মোবাইল: ০১৭৬৮১৬৮৩৬২ এ অফিস কে জানিয়েছেন। পাশাপাশি কেপিআই প্রতিষ্ঠান হিসেবে বিটিভি, রংপুরের সীমানা প্রাচীরের বাইরে ০৩ (তিন) ফুট ফাঁকা জায়গা উদ্ধারে সহযোগিতা জরুরি। রংপুর জেলার বিভিন্ন কেবল অপারেটর, ফিড অপারেটর, হোটেল-রেস্তোরা, খুচরা ও পাইকারী টিভি বিক্রেতার বাণিজ্যিক টিভি লাইসেন্স প্রদান এবং রাজস্ব আদায়ে ভ্রাম্যমান আদালতে ম্যাজিস্ট্রেটকে সহযোগিতা করা হয়। রাজস্ব আদায় বেগবান করার জন্য জেলা প্রশাসনের সহযোগিতা একান্ত কাম্য। এছাড়া সম্প্রচারের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। ক) সভাপতি বিটিভি, রংপুর উপকেন্দ্রের কেপিআই সীমানা প্রাচীর ঘেঁষে আবাসন স্থাপনা নির্মাণ বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর এবং টেলিভিশন প্রকৌশলী ও উপকেন্দ্র প্রধান, রংপুর উপকেন্দ্র, বাংলাদেশ টেলিভিশন-কে নির্দেশনা প্রদান করেন। খ) সভাপতি বিটিভি, রংপুর উপকেন্দ্রের অভ্যন্তরের জলাবদ্ধতা নিরসনকল্পে মেইন রোডের সীমানা প্রাচীর সংলগ্ন বন্ধ ড্রেন সচল করা এবং জঞ্জাল অপসারণের বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর এবং টেলিভিশন প্রকৌশলী ও উপকেন্দ্র প্রধান, রংপুর উপকেন্দ্র, বাংলাদেশ টেলিভিশন-কে নির্দেশনা প্রদান করেন।		

ক্রম	আলোচ্যসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৬৮	**জেলা তথ্য অফিস, রংপুর:** পরিচালক, জেলা তথ্য অফিস, রংপুর জানান, সরকারের নির্বাচনি ইশতেহার বাস্তবায়নে বহুমুখী প্রচার কার্যক্রমের আওতায় ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড ও কৃষি ঋণ মওকুফ, বৃক্ষরোপন, নারীর জন্য গাড়ি, ডেঙ্গু প্রতিরোধ, মানব পাচার, মাদক, গুজব, অপপ্রচার, অপরাজনীতি ও সাম্প্রদায়িকতা, বাল্যবিবাহ প্রতিরোধ, নৈতিকতা ও মূল্যবোধ সম্পর্কে সচেতনতা, সামাজিক যোগাযোগ মাধ্যমের সদ্ব্যবহার, পরিবেশ সংরক্ষণ ইত্যাদি প্রচার কার্যক্রমসহ নিয়মিত কার্যক্রম: ০১. চলচ্চিত্র প্রদর্শনী-১৪টি ০২. পথ প্রচার- ০৯টি ০৩. পিএই কভারেজ স্থাপন-০৬টি ০৪. উঠান বৈঠক-০৫টি ০৫. কমিউনিটি সভা-০৪টি এছাড়াও শিক্ষা, স্বাস্থ্য, মাদক ও বাল্য বিয়ে প্রতিরোধ, নিরাপদ মাতৃত্ব, পানিতে ডুবা প্রতিরোধ, পরিবেশ সুরক্ষা, আইনী সহায়তা, দুর্নীতি, গুজব ও তথ্য অধিকার আইন বাস্তবায়ন ইত্যাদি বিষয়ে প্রচার কার্যক্রম বাস্তবায়ন করা হয়। ক) সভাপতি শ্যামাসুন্দরী খালে বিদ্যমান পয়ঃনিষ্কাশনের লাইন অন্যত্র সরিয়ে নেওয়ার জন্য মাইকিং করার বিষয়ে পরিচালক, জেলা তথ্য অফিস, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। খ) সভাপতি রংপুর জেলায় অগ্নি দুর্ঘটনা রোধে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণের বিষয়ে পরিচালক, জেলা তথ্য অফিস, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। গ) সভাপতি ডেঙ্গু জ্বর প্রতিরোধে এডিস মশার প্রজনন বা বিস্তার রোধে জনসচেতনতামূলক প্রচারণা কার্যক্রম পরিচলনার বিষয়ে পরিচালক, জেলা তথ্য অফিস, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।	১। শ্যামাসুন্দরী খালে বিদ্যমান পয়ঃনিষ্কাশনের লাইন অন্যত্র সরিয়ে নেওয়ার জন্য মাইকিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। রংপুর জেলায় অগ্নি দুর্ঘটনা রোধে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৩। ডেঙ্গু জ্বর প্রতিরোধে এডিস মশার প্রজনন বা বিস্তার রোধে জনসচেতনতামূলক প্রচারণা কার্যক্রম পরিচলনার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৪। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ৫। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।	পরিচালক জেলা তথ্য অফিস রংপুর
৬৯	**জেলা পরিসংখ্যান কার্যালয়, রংপুর:** **কার্যপত্র পাওয়া যায়নি।** উপপরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিসংখ্যান কার্যালয়, রংপুর জানান, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন Bangladesh Poverty Livelihood Statistics (BPLS) প্রকল্পের আওতায় Household Income and Expenditure Survey (HIES) ২০২৬-২৭-এর মাঠপর্যায়ে তৃতীয় টার্মের তথ্য সংগ্রহ কার্যক্রম সমগ্র দেশের ন্যায় রংপুর জেলাতেও চলমান রয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন 'নির্বাচিত শিল্প ও সেবা পরিসংখ্যান জরিপ '(এসএসআইএসএস) প্রকল্পের আওতাধীন 'কুটির শিল্প জরিপ-২০২৬' এর তথ্য সংগ্রহের কার্যক্রম সমগ্র দেশের ন্যায় রংপুর জেলাতেও চলমান রয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর ডেমোগ্রাফি এন্ড হেলথ উইং কর্তৃক বাস্তবায়নাধীন 'বাংলাদেশের জেন্ডার স্ট্যাটিস্টিক্স শক্তিশালীকরণ' প্রকল্পের আওতায় পরিচালিত Time Use Survey (TUS) ২০২৬-২৭ এর মূল জরিপের তথ্য সংগ্রহের কার্যক্রম সমগ্র দেশের ন্যায় রংপুর জেলাতেও চলমান রয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত ব্যক্তি ও খানা পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ শীর্ষক ৩য় জরিপের (২০২৬-২৭) এর ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২০২৬) মাঠ পর্যায়ে তথ্যসংগ্রহ কার্যক্রম সমগ্র দেশের ন্যায় রংপুর জেলাতেও চলমান রয়েছে। ভোক্তার মূল্যসূচক (CPI) নিরূপণের জন্য ৩টি দরছকের মাধ্যমে ফুড ও ননফুড দ্রব্যসামগ্রী এবং সেবার মূল্য সম্পর্কিত তথ্য সংগ্রহপূর্বক প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। এছাড়াও BMPI, QIIP ও PPI এবং WRI নিরূপণের জন্য নির্ধারিত দরছকের মাধ্যমে তথ্য সংগ্রহপূর্বক প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। রংপুর জেলার প্রত্যেক উপজেলা হতে কৃষি মজুরী হারের তথ্য সংগ্রহপূর্বক	১। দাপ্তরিক নিয়মিত কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। ২। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।	উপপরিচালক (ভারপ্রাপ্ত) জেলা পরিসংখ্যান কার্যালয় রংপুর

ক্রম	আলোচ্যসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।		

০৬. স্থানীয় সরকার এবং সামাজিক নিরাপত্তা সংশ্লিষ্ট দপ্তরভিত্তিক আলোচনাঃ

(এসডিজি গোল ১, ৬, ১১)

ক্রম	আলোচ্যসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৭০	**রংপুর সিটি কর্পোরেশন :** প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর জানান, ক) "লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি)" শীর্ষক প্রকল্প এর আওতায় ৩০টি প্যাকেজের মধ্যে ২১টি কাজ সমাপ্ত হয়েছে এবং ০৯টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। কাজের গড় অগ্রগতি ৮৬%। খ) RUTDP এর আওতায় ০১টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। কাজের গড় অগ্রগতি ২২%। গ) "প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন" শীর্ষক প্রকল্পের অধীনে ২টি প্যাকেজের আওতায় ৪টি ৬ষ্ঠ তলা বিশিষ্ট স্বল্প ব্যয়ে আবাসন ভবন নির্মাণের কাজ চলমান রয়েছে। কাজের গড় অগ্রগতি ৮৭%। ঘ) রংপুর সিটি কর্পোরেশনের উন্নয়ন/রাজস্ব তহবিলের আওতায় ৬১ টি প্যাকেজের কাজ চলমান। কাজের গড় অগ্রগতি ৩৫%	১। বিটিভি, রংপুর উপকেন্দ্রের কেপিআই সীমানা প্রাচীর ঘেঁষে আবাসন স্থাপনা নির্মাণ বন্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২। বিটিভি, রংপুর উপকেন্দ্রের অভ্যন্তরের জলাবদ্ধতা নিরসনকল্পে মেইন রোডের সীমানা প্রাচীর সংলগ্ন বন্ধ ড্রেন সচল করা এবং জঞ্জাল অপসারণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৩। পর্যটন মোটেলের জলাবদ্ধতা নিরসনে ড্রেন নির্মাণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৪। রংপুর বিভাগীয় শহর যানজট মুক্তকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৫। জনসাধারণের চলাচলের জন্য ফুটপাত নির্বিঘ্ন রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৬। যেসকল বাড়ির পয়ঃনিষ্কাশনের লাইন শ্যামাসুন্দরী খালে রয়েছে সেসকল বাড়ির মালিকদের বিরুদ্ধে মোবাইল কোর্ট বা উচ্ছেদ অভিযান পরিচালনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৭। ডেঙ্গু জ্বর প্রতিরোধে এডিস মশার প্রজনন বা বিস্তার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৮। রংপুর সিটি কর্পোরেশনের রাস্তাঘাট পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে রাস্তার পাশে ডাস্টবিন স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৯। রংপুর জেলার জনসাধারণের যাতায়াতের সুবিধার্থে জাহাজ কোম্পানী মোড় হতে মাহিগঞ্জ পর্যন্ত রাস্তা মেরামতের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ১০। রংপুর সিটি কর্পোরেশন হতে প্রদত্ত চারিত্রিক সনদ, নাগরিকত্ব সনদ, ওয়ারিশ সনদ সহ অন্যান্য সনদপত্র সমূহ নতুন ফরমেটে প্রিন্ট করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ১১। রংপুর জেলায় জলাতংক রোগ নিরাময়ে জনসচেতনা বৃদ্ধি করা এবং কুকুরকে ভ্যাকসিন প্রদানে জনসাধারণকে উদ্বুদ্ধকরণের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ১২। রংপুর সিটি কর্পোরেশনে নাগরিক সেবা নিশ্চিতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ১৩। রংপুর সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পগুলো নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। ১৪। দ্রুততম সময়ের মধ্যে সংস্কার কাজ চালুর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ১৫। শ্যামাসুন্দরী খাল এবং কেডি খাল পরিষ্কার পরিচ্ছন্নপূর্বক পানি প্রবাহ সচল রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ১৬। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ	১। প্রধান নির্বাহী কর্মকর্তা রংপুর সিটি কর্পোরেশন রংপুর ২। সহকারী পরিচালক পরিবেশ অধিদপ্তর, রংপুর ৩। সিভিল সার্জন, রংপুর ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা রংপুর ৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর ৬। টেলিভিশন প্রকৌশলী ও উপকেন্দ্র প্রধান, রংপুর উপকেন্দ্র, বাংলাদেশ টেলিভিশন

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্যসূচি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>করতে হবে।</td><td></td></tr>
<tr><td>৭১</td><td>
জেলা পরিষদ, রংপুর:
প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর জানান,
২০২৪-২০২৫ অর্থবছরে জেলা পরিষদের অনুকূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচি তহবিলের প্রকল্প বাস্তবায়নের সার সংক্ষেপ নিম্নরূপ:
<table>
<tr><th>খাতের নাম</th><th>মোট বরাদ্দের পরিমাণ</th><th>মোট প্রকল্পের সংখ্যা</th><th>গড় অগ্রগতি</th></tr>
<tr><td>বার্ষিক উন্নয়ন কর্মসূচি সাধারণ</td><td>৫১৪.৫০ লক্ষ</td><td>২৭০টি</td><td>১০০%</td></tr>
<tr><td>বার্ষিক উন্নয়ন কর্মসূচি বিশেষ</td><td>৪০৫.৯৭৫ লক্ষ</td><td>১৮টি</td><td>১০০%</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৯২০.৪৭৫ লক্ষ</td><td>২৮৮টি</td><td></td></tr>
</table>
২০২৫-২০২৬ অর্থবছরে জেলা পরিষদের অনুকূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচি তহবিলের প্রকল্প বাস্তবায়নের সার সংক্ষেপ নিম্নরূপ:
<table>
<tr><th>খাতের নাম</th><th>মোট বরাদ্দের পরিমাণ</th><th>মোট প্রকল্পের সংখ্যা</th><th>গড় অগ্রগতি</th></tr>
<tr><td>বার্ষিক উন্নয়ন কর্মসূচি সাধারণ</td><td>৫৭১.২৮ লক্ষ</td><td>৩৫৮টি</td><td>৫০%</td></tr>
<tr><td>বার্ষিক উন্নয়ন কর্মসূচি বিশেষ</td><td>১১৭.০০ লক্ষ</td><td>৩৯টি</td><td>৫০%</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৬৮৮.২৮ লক্ষ</td><td>৩৯৭টি</td><td></td></tr>
</table>
ক) সভাপতি জেলা পরিষদ, রংপুর এর প্রকল্পসমূহের দ্বৈততা পরিহারে জেলা পরিষদের সভায় উপজেলা নির্বাহী অফিসারগণের অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।
খ) সভাপতি রংপুর জেলার উপযুক্ত স্থানে নান্দনিক গেট নির্মাণের বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।
গ) সভাপতি অনুমোদিত ডিজাইন অনুযায়ী জুলাই স্মৃতিস্তম্ভের আনুষঙ্গিক কাজ সমাপ্তের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।
</td><td>
১। প্রকল্পসমূহের দ্বৈততা পরিহারে জেলা পরিষদের সভায় উপজেলা নির্বাহী অফিসারগণের অংশগ্রহণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২। রংপুর জেলার উপযুক্ত স্থানে নান্দনিক গেট নির্মাণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩। অনুমোদিত ডিজাইন অনুযায়ী জুলাই স্মৃতিস্তম্ভের আনুষঙ্গিক কাজ সমাপ্তের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।
৪। জনসেবামূলক প্রকল্পসমূহ অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন এবং ব্যক্তি পর্যায়ের প্রকল্পসমূহ উপকারভোগীর নিকট প্রদান নিশ্চিত করতে হবে।
৫। গৃহীত প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।
৬। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি কর্ম পরিকল্পনা জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।
</td><td>
১। প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, রংপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার
(সকল), রংপুর।
</td></tr>
<tr><td>৭২</td><td>
জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, রংপুর:
সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস, রংপুর জানান, জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, রংপুরের আগষ্ট/২০২৬ মাসে বিনিয়োগকারীদের ০২ কোটি ৮৫ লক্ষ ১৪ হাজার টাকা মুনাফা পরিশোধ করা হয়েছে। চলতি মাসে বিনিয়োগের পরিমাণ ০৯ কোটি ৯৫ লক্ষ ৩০ হাজার টাকা মাত্র। পুন:বিনিয়োগ ০১ কোটি ৫৮ লক্ষ ৫০ হাজার টাকা মাত্র। বিনিয়োগকারির সংখ্যা ১৭১ জন এবং উৎসে কর কর্তনের পরিমাণ ২৭ লক্ষ ৪৫ হাজার টাকা মাত্র।

বিনিয়োগকারী নয় কিংবা অত্র দপ্তরের গ্রাহক নন কিন্তু ভবিষ্যতে সঞ্চয়পত্রে বিনিয়োগ করতে পারেন কিংবা অত্র দপ্তরের বিনিয়োগকারী হতে পারেন এমন সেবা প্রত্যাশী প্রায় ৫০ জন নাগরিককে তথ্য সেবা প্রদান করা হয়েছে।

নভেম্বর-২৫ খ্রিস্টাব্দ হতে প্রতিমাসের তৃতীয় মঙ্গলবার অত্র দপ্তরে সকাল ১১.০০ ঘটিকায় গণশুনানী করা হচ্ছে। কোন বিনিয়োগকারী/ নাগরিকগণের সঞ্চয়পত্র সংক্রান্ত সমস্যা, অভিযোগ বা পরামর্শ থাকলে গণশুনানীতে অংশগ্রহণ করতে পারেন।

জুলাই-২০২৬ খ্রিস্টাব্দ হতে জুন-২০২৭ খ্রিস্টাব্দ পর্যন্ত ০২(দুই) মাসে পুন:বিনিয়োগসহ অর্জিত অগ্রগতি বিনিয়োগের পরিমাণ ২০ কোটি ৭৩ লক্ষ ৮০ হাজার টাকা মাত্র। বিনিয়োগকারির সংখ্যা ৩৩৯ জন। উৎসেকর কর্তনের পরিমাণ ৫৪ লক্ষ ৮৯ হাজার টাকা মাত্র।
সম্প্রতি জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, রংপুর বাংলাদেশ ব্যাংক প্রাঙ্গন হতে হাউজ ২৫৯, রোড: ৫/১, মুলাটোল, রংপুর এ স্থানান্তরিত হয়েছে। বিষয়টি
</td><td>
১। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
২। স্বল্পমেয়াদি/দীর্ঘমেয়াদি কর্ম পরিকল্পনা জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।
</td><td>
১। সহকারী পরিচালক
জেলা সঞ্চয় অফিস/ব্যুরো, রংপুর
</td></tr>
</table>

ক্রম	আলোচ্যসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	সকলের অবগত করা হলো।		
৭৩	**জীবন বীমা কর্পোরেশন, রংপুর:** ডেপুটি ম্যানেজার ইনচার্জ, জীবন বীমা কর্পোরেশন, রংপুর জানান, চলতি বছরে গত ৩০/০৮/২০২৬ খ্রি: তারিখ পর্যন্ত রংপুর রিজিওনাল অফিসের আওতায় মোট ৫৫০৯ জন বীমা গ্রাহককে বিভিন্ন দাবী বাবদ সর্বমোট ১২৩৮০৮০০০/- টাকা প্রদান করা হয়েছে। সেলস্ অফিস-৮৬, রংপুর ৩০/০৭/২০২৬ খ্রি: তারিখ পর্যন্ত ১ম বর্ষ প্রিমিয়াম আয় ৩৬৭৫০০০/- টাকা এবং ২য় বর্ষ ও নবায়ন প্রিমিয়াম ৫৫৪৯৬০০০/- টাকা আয় হয়েছে। জীবন বীমা কর্পোরেশনের ৩৫ টি বীমা স্কীম সমূহের মধ্যে জেবিসি পেনশন বীমা, একক প্রিমিয়াম পলিসি, শিক্ষা বীমা, শিশু নিরাপত্তা বীমা, তিন কিস্তি বীমা, বহু কিস্তি বীমা, হজ্জ বীমা ও ট্রিপল প্রটেকশন বীমা বেশ জনপ্রিয় এবং সকল বীমা স্কীম অত্যান্ত লাভজনক। আজই একটি বীমা স্কীম গ্রহণ করে নিজের ও পারিবারের সদস্যদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করুন। আমাদের সকল কার্যক্রম অনলাইনের মাধ্যমে পরিচালিত হয়। রংপুর জেলার ৮টি উপজেলা ও ইউনিয়নসমূহে কর্মরত উন্নয়ন ম্যানেজার, উন্নয়ন অফিসার ও এজেন্টগণ নতুন বীমা গ্রাহক সংগ্রহের কাজ চালিয়ে যাচ্ছেন। তাদেরকে সার্বিক সহযোগিতা দানের জন্য রংপুর জেলা ও এর অন্তর্ভুক্ত উপজেলার বিভিন্ন স্তরের কর্মকর্তাদের অনুরোধ জানানো হলো। উল্লেখ্য, জীবন বীমা পলিসি গ্রহণ করলে আয়কর থেকে রেয়াত পাওয়া যায়। আমাদের সকল বীমা স্কীমসমূহ অত্যান্ত লাভজনক। গ্রাহকদের সবিধার্থে: BEFTN, Dutch Bangla Bank PLC, Agrani Bank PLC এর যে কোন শাখায় এবং মোবাইল ব্যাংকিং : বিকাশ, নগদ, রকেট ও সেক্সাস পে এর মাধ্যমে প্রিমিয়াম/কিস্তির টাকা জমা দেয়া যায়।	১। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২। স্বল্পমেয়াদি/দীর্ঘমেয়াদি কর্ম পরিকল্পনা জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	ডেপুটি ম্যানেজার ইনচার্জ জীবন বীমা কর্পোরেশন রংপুর

০৭. আইন শৃঙ্খলা ও নিরাপত্তা সংশ্লিষ্ট দপ্তরভিত্তিক আলোচনাঃ

(এসডিজি গোল ১৬)

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্যসূচি ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr>
<td>৭৪</td>
<td>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রংপুর:
সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রংপুর জানান, আগস্ট /২৬ মাসে নিম্নবর্ণিত কার্যক্রম সম্পন্ন হয়েছে:
<table>
<tr><td rowspan="5">অগ্নিকান্ড</td><td>সংখ্যা</td><td>৩৯ টি</td></tr>
<tr><td>আনুমানিক ক্ষতি</td><td>২৮৫৯০০০/-</td></tr>
<tr><td>আনুমানিক উদ্ধার</td><td>৮৭৩০০০০/-</td></tr>
<tr><td>আহত</td><td>০ জন</td></tr>
<tr><td>নিহত</td><td>০ জন</td></tr>
<tr><td rowspan="3">সড়ক-দুর্ঘটনা</td><td>সংখ্যা</td><td>১৪ টি</td></tr>
<tr><td>আহত</td><td>১৫ জন</td></tr>
<tr><td>নিহত</td><td>০৪ জন</td></tr>
<tr><td rowspan="3">নৌ-দুর্ঘটনা</td><td>সংখ্যা</td><td>১৭টি</td></tr>
<tr><td>আহত</td><td>০ জন</td></tr>
<tr><td>নিহত</td><td>১৬ জন</td></tr>
<tr><td rowspan="3">বুমে আটকা পড়া-দুর্ঘটনা</td><td>সংখ্যা</td><td>০১ টি</td></tr>
<tr><td>আহত</td><td>০৪ জন</td></tr>
<tr><td>নিহত</td><td>০ জন</td></tr>
<tr><td colspan="2">মোট দুর্ঘটনার সংখ্যা (অগ্নিকান্ড ব্যতিত)</td><td>৩৩ টি</td></tr>
<tr><td colspan="2">মোট আহতের সংখ্যা</td><td>১৬জন</td></tr>
<tr><td colspan="2">মোট নিহতের সংখ্যা</td><td>২৪ জন</td></tr>
<tr><td colspan="2">এ্যামুলেন্স দ্বারা রোগী পরিবহণ</td><td>০১ জন</td></tr>
<tr><td colspan="2">রোগী পরিবহণে ফি আদায়</td><td>১৫৮০/-</td></tr>
<tr><td colspan="2">ওয়্যারহাউজ লাইসেন্স মাশুল আদায়</td><td>১২,৮৮,৬২০/-</td></tr>
<tr><td colspan="2">প্রশিক্ষণের সংখ্যা</td><td>০ টি</td></tr>
<tr><td colspan="2">প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>০ জন</td></tr>
<tr><td colspan="2">গণসংযোগের সংখ্যা</td><td>০ টি</td></tr>
<tr><td colspan="2">মহড়ার সংখ্যা</td><td>০১টি</td></tr>
<tr><td colspan="2">পরিদর্শনের সংখ্যা</td><td>০ টি</td></tr>
</table>
এছাড়াও অন্যান্য দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে চলমান রয়েছে মর্মে তিনি সভায় উল্লেখ করেন।</td>
<td>১। সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থদের সরকার প্রদত্ত আর্থিক সহায়তা কার্যক্রম ব্যাপক প্রচারের জন্য সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, রংপুর সহ সংশ্লিষ্ট সকল দপ্তর প্রয়োজনীয় পদক্ষেপ করবেন।
২। রংপুর জেলায় অবস্থিত সকল সরকারি অফিসসমূহে অগ্নি নির্বাপণ ব্যবস্থা নিশ্চিতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
৩। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।</td>
<td>১। সহকারী পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স রংপুর

২। সহকারী পরিচালক (ইঞ্জিঃ) বিআরটিএ, রংপুর</td>
</tr>
<tr>
<td>৭৫</td>
<td>জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রংপুর:
জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রংপুর এর পক্ষে জানানো হয়, সরকার ঘোষিত কেপিআই এবং জাতীয় গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তা সংরক্ষণের আওতায় অত্র জেলার সরকারি ঘোষিত/বেসরকারি মোট ৯৯টি কেপিআই/সংস্থায় ৭৪৩ জন অঙ্গীভূত আনসার সদস্য নিরাপত্তার সহিত সুষ্ঠুভাবে দায়িত্ব পালন করছে।
বিভিন্ন জেলার এবং রংপুর জেলা কর্তৃক আয়োজিত গত ০৫.০৭.২০২৬ খ্রি. তারিখ হতে ০২.১০.২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ৯০ দিন মেয়াদি জাপানিজ ভাষা শিক্ষা প্রশিক্ষণ জেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষণকেন্দ্র মাহিগঞ্জ, রংপুরে চলমান রয়েছে।
আগস্ট/২৬ মাসে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে ভোক্তা অধিকার অধিদপ্তর কর্তৃক বাজার তদারিক কার্যক্রম অত্র কার্যালয়ে মোতায়েনকৃত আনসার ব্যাটালিয়ন সদস্যদের সহায়তায় ১৪ টি অভিযান পরিচালনা করা হয়। মামলার সংখ্যা ৫১টি এবং জরিমানা আদায় করা হয় ২৭১৫০০/-।</td>
<td>১। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
২। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।</td>
<td>১। জেলা কমান্ড্যান্ট আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রংপুর</td>
</tr>
</table>

ক্রম	আলোচ্যসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৭৬	**বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রংপুর :** উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রংপুর জানান, আগস্ট/২০২৬ মাসে নিম্নরূপ কার্যক্রম সম্পন্ন করা হয়: ১। ক) ই-পাসপোর্ট আবেদন জমা (সাধারণ) ২২৪৯টি খ) ই-পাসপোর্ট আবেদন জমা (জরুরি) ৭৮৩টি ২। মোট ই-পাসপোর্ট অনিষ্পন্ন আবেদন ২৭টি ৩। মোট ই-পাসপোর্ট বিতরণ ২৬৩৪টি ৪। এম আর ভি আবেদন জমা ৩৮টি ৫। এম আর ভি বিতরণ ৩৬টি। ক) সভাপতি রংপুর জেলায় নাগরিক সেবা নিশ্চিত করতে সময়মত পাসপোর্ট প্রদান নিশ্চিত করার বিষয়ে উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।	১। রংপুর জেলায় নাগরিক সেবা নিশ্চিত করতে সময়মত পাসপোর্ট প্রদান নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২। দাপ্তরিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ৩। নাগরিক সেবা নিশ্চিত করতে হবে। ৪। স্বল্পমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রেরণ করতে হবে।	উপপরিচালক বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রংপুর
৭৭	এনএসআই, রংপুর উপপরিচালক, এনএসআই, রংপুর জানান ১। সার বিতরণের ক্ষেত্রে যদি কোন অনিয়ম হয়, সেক্ষেত্রে সর্বোচ্চ শাস্তি/ জরিমানার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। ২। মিঠাপুকুর উপজেলায় ভেজালগুড় উৎপাদনের সাথে জড়িতদের শাস্তির পাশাপাশি ভেজাল গুড় তৈরির স্থাপনাগুলো ধ্বংস করা যেতে পারে।		সংশ্লিষ্ট সকল
৭৭	**পুলিশ কমিশনারের কার্যালয়, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর:** পুলিশ কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশের পক্ষে জানানো হয়, ১। <u>হাজিরহাট থানা, আরপিএমপি, রংপুর</u> : রংপুর মেট্রোপলিটন পুলিশের হাজিরহাট থানাটি উত্তম ইউনিয়ন পরিষদ কার্যালয়টি ভাড়া নিয়ে অস্থায়ীভাবে থানার সার্বিক কার্যক্রম চলমান। হাজিরহাট থানা কমপ্লেক্স ভবন ও অন্যান্য স্থায়ী স্থাপনা নির্মাণের নিমিত্ত রংপুর জেলার সদর উপজেলাধীন জেএল নং-৫২, উত্তম মৌজায় ০.৭৫ (পঁচাত্তর শতক) একর ব্যক্তি মালিকানাধীন জমি বাংলাদেশ পুলিশের অনুকূলে অধিগ্রহণের জন্য এলএ কেস ২৩/২০২০-২০২১ সৃজিত হয়। এলএ কেস মূলে জমি অধিগ্রহণ বাবদ প্রাক্কলিত অর্থ ৫,৯১,৩২,৮১৬.৫২/- (পাঁচ কোটি একানব্বই লক্ষ বত্রিশ হাজার আটশত ষোল টাকা বায়ান্নো পয়সা) টাকা অধিগ্রহণ খাতে অর্থ স্থগিত হওয়ায় ১২০ কার্যদিবসের মধ্যে অর্থ জমা প্রদান করা সম্ভব হয়নি। বিধায় এলএ কেস ২৩/২০২০-২০২১ এর সকল কার্যক্রম বাতিল এবং গত ২১/০৯/২০২৩ খ্রি. গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। "দেশের বিভিন্ন স্থানে বাংলাদেশ পুলিশের থানার প্রশাসনিক কাম ব্যারাক ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় অন্তর্ভুক্ত ১০৭ টি থানার জন্য নতুন ভবন নির্মাণ করা হবে। উক্ত প্রকল্পের অন্তর্ভুক্ত আরপিএমপি, রংপুরের হাজিরহাট থানা ভবন নির্মাণের জন্য বাংলাদেশ পুলিশ বিভাগের অনুকূলে নিজস্ব জমি নেই। আলোচ্য প্রকল্পের অগ্রগতি পর্যালোচনার জন্য গত ২৭/০৭/২০২৫ খ্রি. ডিআইজি (ডেভেলপমেন্ট), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা ও প্রকল্প পরিচালক এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় "যে সব কেন্দ্রের জমির অপর্যাপ্ততা রয়েছে/জমি নেই সেগুলোর জমি প্রাপ্তির/সংগ্রহের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিট প্রধানকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়"। প্রকল্পটি জুন, ২০২৭ এ সমাপ্তির জন্য নির্ধারিত। উক্ত সময়ের মধ্যে যদি জমি পাওয়া না যায় তাহলে কেন্দ্রগুলো বাতিল হয়ে যাবে। অত্র কার্যালয় স্মারক নং-রংপুর মেট্রো/ইএন্ডডি/১৪৮ তারিখ: ২৯/০৫/২০২৪ খ্রি. মূলে আরপিএমপি,রংপুরের হাজিরহাট থানা কমপ্লেক্স ভবন ও অন্যান্য স্থায়ী স্থাপনা নির্মাণের নিমিত্ত ব্যক্তি মালিকানাধীন ০.৭৫ (পঁচাত্তর শতক) একর জমি বাংলাদেশ পুলিশ বিভাগের অনুকূলে অধিগ্রহণের প্রস্তাব জেলা প্রশাসক, রংপুর বরাবর প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে গত ৩০/১০/২০২৫ খ্রি. যৌথভাবে সম্ভাব্যতা যাচাইয়ের নিমিত্তে 'অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)' রংপুর মহোদয় সরেজমিনে পরিদর্শন করেন। পরবর্তীতে গত ২৮/০১/২০২৬ খ্রি. প্রস্তাবিত জমি অধিগ্রহণের নিমিত্তে জেলা প্রশাসকের কার্যালয়, রংপুরে জেলা স্থান নির্বাচন কমিটির সভা অনুষ্ঠিত হয়। অতঃপর	১। পুলিশ কমিশনার কার্যালয়, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর এর ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। ২। মাহিগঞ্জ থানা ভবন নির্মাণের জন্য নির্বাচিত স্থানে বসবাসরত হরিজন সম্প্রদায়ের লোকজনকে অন্যত্র পুনর্বাসন করার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। ৩। রংপুর জেলায় অবস্থিত সকল সরকারি দপ্তরসমূহে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৪। রংপুর চিড়িয়াখানা, সুরভী উদ্যান, চিকলি ওয়াটার পার্ক সহ রংপুর শহরের সকল বিনোদন কেন্দ্রে স্কুল ড্রেস পরিহিত শিক্ষার্থীর প্রবেশ নিষিদ্ধ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৫। আইন-শৃঙ্খলা পরিস্থিতির যেন কোনোভাবেই অবনতি না হয় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৬। মিথ্যা গুজব ছড়িয়ে কেউ যেন সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট না করতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৭। মাদক, জঙ্গিবাদ ও সন্ত্রাস দূর করতে হবে। নিরীহ ধর্মপ্রাণ মানুষ যাতে জঙ্গিবাদে জড়িত না হয় সে জন্য সচেতনতা তৈরির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৮। যুবসমাজকে মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদ থেকে মুক্ত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৯। বাল্যবিবাহ, ইভটিজিং, খাদ্যে ভেজাল, নকল পণ্য তৈরি ইত্যাদি অপরাধ প্রতিরোধে নিয়মিত ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করতে হবে।	১। পুলিশ কমিশনার রংপুর মেট্রোপলিটন পুলিশ রংপুর ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর ২। সহকারী পরিচালক পরিবেশ অধিদপ্তর, রংপুর ৩। উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর

ক্রম	আলোচ্যসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	০৩/২০২৫-২০২৬ এল.এ কেস মূলে অধিগ্রহণের জন্য প্রস্তাবিত সম্পত্তির বর্তমান অবস্থা ও প্রকৃতি পর্যালোচনাসহ ভূমিতে বিদ্যমান সকল প্রকার অবকাঠামো, ফসল ও বৃক্ষরাজির স্থির চিত্র ও ভিডিও ধারণ করা হয়েছে। একইসাথে সরেজমিনে প্রাপ্ত তথ্যাদি সম্বলিত একটি বিস্তারিত বিবরণী প্রস্তুতকরণের কাজ শেষ হয়েছে। গত ২২/০৪/২০২৬ খ্রি. প্রস্তাবিত জমির যৌথ তদন্ত ও ফিল্ডবুক প্রস্তুতকরণ সম্পন্ন হয়েছে। ২। <u>তাজহাট থানা, আরপিএমপি, রংপুর</u> : বর্তমানে তাজহাট থানার সকল কার্যক্রম রংপুর মেট্রোপলিটন পুলিশের অধিগ্রহণকৃত পুলিশ লাইন্সের সেমি পাকা ভবন মেরামত/সংস্কার এবং পুনঃ নির্মাণ করে অস্থায়ীভাবে চলমান। রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর-এর তাজহাট থানা কমপ্লেক্স ভবন ও অন্যান্য স্থায়ী স্থাপনা নির্মাণের নিমিত্ত রংপুর জেলার সদর উপজেলাধীন জেএল নং-৯৭ তাজহাট মৌজায় ০.৭৫ (পঁচাত্তর শতক) একর ব্যক্তি মালিকানাধীন জমি বাংলাদেশ পুলিশের অনুকূলে অধিগ্রহণের নিমিত্তে এলএ কেস ০২/২০২১-২০২২ সৃজিত হয়। এলএ কেস মূলে জমি অধিগ্রহণ বাবদ প্রাক্কলিত অর্থ ৮,৮৪,৫৪,৪৫৯.১৬/- (আট কোটি চুরাশি লক্ষ চুয়ান্ন হাজার চারশত উনষাট টাকা ষোল পয়সা) অধিগ্রহণ খাতে অর্থ স্থগিত হওয়ায় ১২০ কার্যদিবসের মধ্যে অর্থ জমা প্রদান করা সম্ভব হয়নি। বিধায় এলএ কেস ০২/২০২১-২০২২ এর সকল কার্যক্রম বাতিল এবং গত ২৮/১২/২০২৩ খ্রি. গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। আরপিএমপি, রংপুরের তাজহাট থানা নির্মাণের জন্য বাংলাদেশ পুলিশ বিভাগের অনুকূলে জমি অধিগ্রহণের নিমিত্ত পুনরায় এলএ কেস সৃজনের মাধ্যমে জেলা প্রশাসক, রংপুর বরাবর স্মারক নং-রংপুর মেট্রো/ইএন্ডডি/১৪৬ তারিখ : ২৯/০৫/২০২৪ খ্রি. মূলে পত্র প্রেরণ করা হয়। জমি অধিগ্রহণ প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে দ্রুত এলএ কেস সৃজন পূর্বক প্রাক্কলন প্রস্তুত করা প্রয়োজন। ৩। <u>পুলিশ কমিশনারের কার্যালয়, রংপুর</u> : বিগত ১৬/০৯/২০১৮ খ্রি. রংপুর মেট্রেপলিটন পুলিশ, রংপুর এর আনুষ্ঠানিকভাবে অপারেশনাল ও প্রশাসনিক কার্যক্রম শুরু হয়। পুলিশ কমিশনারের কার্যালয় পরিচালনার জন্য জেলা প্রশাসকের পুরাতন ভবনের ৩য় তলায় নির্মাণ/সংস্কার করে অস্থায়ীভাবে পুলিশ কমিশনারের সার্বিক কার্যক্রম পরিচালনা হচ্ছে। কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, বিভিন্ন শাখা, সার্বিক কার্যক্রম বৃদ্ধি পাওয়ায় অত্র ভবনের ৩য় তলায় পুলিশ কমিশনার অফিসের স্থান সংকুলান না হওয়ায় নানাবিধ জটিলতার সম্মুখীন হতে হয়। বিধায়, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর-এর পুলিশ কমিশনারের কার্যালয়ের স্থায়ী স্থাপনা নির্মাণের নিমিত্ত রংপুর জেলার সদর উপজেলাধীন জেএল নং-৯৫ গণেশপুর মৌজায় সর্বমোট ১.০০ (একশ শতক) একর ব্যক্তি মালিকানাধীন জমি বাংলাদেশ পুলিশের অনুকূলে অধিগ্রহণের নিমিত্তে এলএ কেস নং- ০৩/২০২১-২০২২ সৃজিত হয়। এলএ কেস মূলে জমি অধিগ্রহণ বাবদ প্রাক্কলিত অর্থ ১৪,১৯,১০,২৪১.৪০/- (চৌদ্দ কোটি উনিশ লক্ষ দশ হাজার দুইশত একচল্লিশ টাকা চল্লিশ পয়সা) অধিগ্রহণ খাতে অর্থ স্থগিত হওয়ায় ১২০ কার্যদিবসের মধ্যে অর্থ জমা প্রদান করা সম্ভব হয়নি। বিধায় এলএ কেস ০৩/২০২১-২০২২ এর সকল কার্যক্রম বাতিল এবং গত ২৮/১২/২০২৩ খ্রি. গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। বাংলাদেশ পুলিশ বিভাগের অনুকূলে জমি অধিগ্রহণের নিমিত্তে পুনরায় এলএ কেস সৃজনের মাধ্যমে জেলা প্রশাসক, রংপুর বরাবর স্মারক নং-রংপুর মেট্রো/ইএন্ডডি/১৪১ তারিখ : ২৭/০৫/২০২৪ খ্রি. মূলে পত্র প্রেরণ করা হয়। জমি অধিগ্রহণ প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে দ্রুত এলএ কেস সৃজন পূর্বক প্রাক্কলন প্রস্তুত করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে গত ২৮/০৯/২০২৫ খ্রি. যৌথভাবে সম্ভাব্যতা যাচাইয়ের নিমিত্তে 'অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)' রংপুর মহোদয় সরেজমিনে পরিদর্শন করেন। পরবর্তীতে গত ২৮/০১/২০২৬ খ্রি. প্রস্তাবিত জমি অধিগ্রহণের নিমিত্তে জেলা প্রশাসকের কার্যালয়, রংপুরে জেলা স্থান নির্বাচন কমিটির সভা অনুষ্ঠিত হয়। অতঃপর ০৪/২০২৫-২০২৬ এল.এ কেস মূলে অধিগ্রহণের জন্য প্রস্তাবিত সম্পত্তির বর্তমান অবস্থা ও প্রকৃতি পর্যালোচনাসহ ভূমিতে বিদ্যমান সকল প্রকার অবকাঠামো, ফসল ও বৃক্ষরাজির স্থির চিত্র ও ভিডিও ধারণ করা হয়েছে। একইসাথে সরেজমিনে প্রাপ্ত তথ্যাদি সম্বলিত একটি বিস্তারিত বিবরণী প্রস্তুতকরণের কাজ শেষ হয়েছে। গত ২১/০৪/২০২৬ খ্রি. প্রস্তাবিত জমির যৌথ তদন্ত ও ফিল্ডবুক প্রস্তুতকরণ সম্পন্ন হয়েছে।		

ক্রম	আলোচ্যসূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	ক) সভাপতি রংপুর জেলায় ট্রাফিক সমস্যা সমাধানে সভায় আলোচনা করেন। সভাপতি পুলিশ কমিশনার কার্যালয়, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর এর ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। খ) সভাপতি মাহিগঞ্জ থানা ভবন নির্মাণের জন্য নির্বাচিত স্থানে বসবাসরত হরিজন সম্প্রদায়ের লোকজনকে অন্যত্র পুনর্বাসন করার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন। গ) সভাপতি রংপুর জেলায় অবস্থিত সকল সরকারি দপ্তরসমূহে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করেন।		
৭৮	**পুলিশ সুপারের কার্যালয়, রংপুর:** ক) সভাপতি পুলিশ সুপারের কার্যালয়, রংপুর এর ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর এবং পুলিশ সুপার, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।	১। পুলিশ সুপারের কার্যালয়, রংপুর এর ভূমি অধিগ্রহণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। ২। রংপুর জেলায় অবস্থিত সকল সরকারি দপ্তরসমূহে পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৩। আইন-শৃঙ্খলা পরিস্থিতির যেন কোনোভাবেই অবনতি না হয় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৪। মিথ্যা গুজব ছড়িয়ে কেউ যেন সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট না করতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৫। মাদক, জঙ্গিবাদ ও সন্ত্রাস দূর করতে হবে। নিরীহ ধর্মপ্রাণ মানুষ যাতে জঙ্গিবাদে জড়িত না হয় সে জন্য সচেতনতা তৈরির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৬। যুবসমাজকে মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদ থেকে মুক্ত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ৭। বাল্যবিবাহ, ইভটিজিং, খাদ্যে ভেজাল, নকল পণ্য তৈরি ইত্যাদি অপরাধ প্রতিরোধে নিয়মিত ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করতে হবে।	১। পুলিশ সুপার রংপুর ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর

০৮. বিবিধ সিদ্ধান্তসমূহ:

ক্রম	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত / বাস্তবায়নকারী
০১	ডিজিটাল বাংলাদেশ অগ্রগতি: সকল উপজেলায় চালুকৃত UDC এর আয়ের তথ্য আপলোড এবং জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদকরণ	রংপুর জেলায় মোট UDC এর সংখ্যা ৭৬টি। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর নিয়মিতভাবে কেন্দ্রগুলো তদারকি করছেন। আগস্ট ২০২৬ মাসে UDC এর মাধ্যমে সেবা গ্রহীতার সংখ্যা ১৮৫৯৮ জন এবং আয়ের পরিমাণ ৫,৪১,৯৩১/- (পাঁচ লক্ষ একচল্লিশ হাজার নয়শত একত্রিশ) টাকা। রংপুর ওয়েব পোর্টাল www.rangpur.gov.bd এ রংপুর জেলার মোট ৮৬টি দপ্তরের তথ্য রয়েছে। প্রতিটি দপ্তরের হালনাগাদ তথ্য নিয়মিত আপডেট কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রতিটি অফিসের জন্য আলাদা আলাদা URL এবং ইউজার আইডি ও পাসওয়ার্ড আছে যা ব্যবহার করে তথ্য হালনাগাদ করা যাবে। জেলার বিভিন্ন কার্যক্রমে বিভিন্ন দপ্তরের অফিস প্রধানদের সাথে যোগাযোগের জন্য ফোন/মোবাইল নম্বর সংশ্লিষ্ট তথ্য এবং দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ না থাকার কারণে প্রায়ই সেবা প্রত্যাশীদের সমস্যায় পড়তে হয়। এজন্য জেলা ও উপজেলার প্রত্যেক দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য আপডেট করার লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ, উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর ও সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যানগণ-কে সভাপতি অনুরোধ করেন।	১। (ক) উপজেলা নির্বাহী অফিসারগণ UDC গুলো নিয়মিত পরিদর্শন করবেন। (খ) ওয়েব পোর্টালের তথ্য আপডেট করার লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ, উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর ও সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। ২। প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর সকল দপ্তরকে সহযোগিতা করবেন।

ক্রম	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত / বাস্তবায়নকারী
০২	ই-পর্চার মাধ্যমে খতিয়ান সরবরাহ	আগস্ট ২০২৬ মাসে মোট ২৪২৮টি আবেদনের মধ্যে ২২২৯টি ভূমি পর্চা/খতিয়ান ই-পর্চার মাধ্যমে বিতরণ করা হয়েছে। অবশিষ্ট ১৯৯টি ভূমি পর্চা বিতরণের কার্যক্রম চলমান রয়েছে।	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর ই-পর্চার মাধ্যমে খতিয়ান প্রদান নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
০৩.	আর্থিক অনুদান সংক্রান্ত	ক্যান্সার, লিভার সিরোসিস, প্যারালাইসিস, স্ট্রোক ও বিভিন্ন দুরারোগ্য ব্যাধির চিকিৎসার জন্য সরকারি আর্থিক সাহায্যের আবেদন অনলাইনের মাধ্যমে জেলা ও উপজেলায় করা যাবে এবং জেলাতে অনুমোদন হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর ২। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রংপুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ৩। প্রচার/প্রচারণার ছবি প্রেরণ করতে হবে।
		সভাপতি, ক্যান্সার, লিভার সিরোসিস, প্যারালাইসিস, স্ট্রোক ও বিভিন্ন দুরারোগ্য ব্যাধির চিকিৎসার জন্য সরকারি আর্থিক সাহায্যের আবেদন বিষয়ে প্রচার/প্রচারণা করতে ও স্থিরচিত্র প্রেরণ করতে উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর ও পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রংপুর-কে নির্দেশনা প্রদান করেন।	
০৪.	ধূমপানমুক্তকরণ	সভাপতি জেলার বিভিন্ন দপ্তরের চত্বর ধূমপানমুক্ত রাখতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। দপ্তরের প্রধানগণ-কে স্ব-স্ব দপ্তর ও দর্শণার্থীদের বসার জায়গা পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণের জন্য এবং সকল দপ্তরে "No Smoking Zone" বা "ধূমপানমুক্ত এলাকা" সম্বলিত বোর্ড স্থাপন করত: সাইনবোর্ডের ছবি প্রেরণ করতে সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন।	১। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/দপ্তর প্রধানগণ প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন। ২। সাইনবোর্ডের ছবি প্রেরণ করতে হবে।
০৫.	ভূমি উন্নয়ন কর প্রদান	সভাপতি রংপুর জেলায় অবস্থিত বিভিন্ন দপ্তর এবং তাঁর অধীন সকল অফিসসমূহের ভূমি উন্নয়ন কর পরিশোধের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।	সকল দপ্তর প্রধান প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।
০৬.	ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি সমুন্নত রাখতে নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত	কৃষি বাংলাদেশের অর্থনীতির প্রধান চালিকাশক্তি। চলতি বৈশ্বিক মহামারী এবং ইউক্রেন রাশিয়া যুদ্ধের নানামুখী অভিঘাত সত্ত্বেও কৃষি ক্ষেত্রে উৎপাদনশীলতা অব্যাহত রয়েছে। ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি সমুন্নত রাখার মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।	উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুরসহ সংশ্লিষ্ট সকলে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।
০৭.	জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত	জন্মের ৪৫ দিনের মধ্যে আবশ্যিকভাবে জন্ম নিবন্ধন করার জন্য একই সাথে মৃত্যুসনদ নিবন্ধন করার জন্য সভাপতি সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। একটি শিশুও যেন জন্ম নিবন্ধনের বাইরে না থাকে এটি নিশ্চিত করতে সকল-কে অনুরোধ জানান। সভায় উপস্থিত সকল দপ্তর প্রধান বিশেষ করে যে সকল দপ্তর সরাসরি সেবামূলক কার্যক্রমের সাথে সম্পৃক্ত তাদেরকে জন্ম নিবন্ধন করার বিষয়ে প্রচার/প্রচারণা চালানোর জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	সকল দপ্তর প্রধান প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।
		সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, তারাগঞ্জ রংপুর-কে নিম্নবর্ণিত পদ্ধতি অবলম্বন করে তাঁর উপজেলায় জন্ম নিবন্ধন এবং মৃত্যু নিবন্ধন সম্পন্ন করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন: ১। উপজেলা স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনার মাঠ পর্যায়ের কর্মচারীদের কাছ থেকে প্রতিমাসে ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা কর্তৃক গর্ভবতী মায়েদের তালিকা সংগ্রহ করা হয়। এরপর প্রতিটি ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ ওয়ার্ডভিত্তিক সেই তালিকা নিয়ে প্রত্যেকের বাড়িতে গিয়ে তথ্য সংগ্রহ করে ইউনিয়ন পরিষদে জমা দেন এবং উদ্যোক্তাগণ নিবন্ধন সম্পন্ন করেন। ২। প্রতিদিন কয়টা জন্ম নিবন্ধন এবং মৃত্যু নিবন্ধন সম্পন্ন হলো এই তথ্য প্রতিটি ইউনিয়ন পরিষদ থেকে প্রত্যেক সপ্তাহের বৃহস্পতিবার উপজেলা অফিস থেকে সংগ্রহ করা হয় এবং কোন ইউনিয়ন পরিষদে সাপ্তাহিক লক্ষ্যমাত্রার চেয়ে কম হলে সেই ইউনিয়ন পরিষদে লক্ষ্যমাত্রা পূরণ করার জন্য জানানো হয়। ৩। প্রচার প্রচারণা, মাইকিং নিয়মিত করা হয় এবং ইউনিয়ন পরিষদ পরিদর্শনের সময় এই বিষয়টি সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়। ৪। যারা পরপর তিন মাস ভালো করে সেই ইউনিয়নের গ্রাম পুলিশ থেকে শুরু করে ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা এবং মেম্বারকে পুরস্কার দেওয়া হয়। সভাপতি উল্লিখিত পদ্ধতি অবলম্বেনে জন্মনিবন্ধন এবং মৃত্যুনিবন্ধন সম্পন্ন করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর।

ক্রম	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত / বাস্তবায়নকারী
০৮.	বালু উত্তোলন বন্ধে মোবাইল কোর্ট সংক্রান্ত	যে সকল জায়গায় বালু উত্তোলন করা হচ্ছে সে জায়গাগুলোতে মোবাইল কোর্টের অভিযান (প্রয়োজনে রাতের বেলা) আকস্মিক পরিচালনাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুরসহ সংশ্লিষ্ট সকলকে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুরসহ সংশ্লিষ্ট সকলেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
০৯.	জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় অনুপস্থিত থাকা সংক্রান্ত:	সভাপতি জানান, জেলা উন্নয়ন সমন্বয় সভাটি জেলার অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি সভা। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে জেলা উন্নয়ন সমন্বয় সভায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে সরকারি বিভিন্ন দপ্তরের অফিস প্রধানগণ উপস্থিত থাকার কথা থাকলেও তারা নিজে না এসে প্রতিনিধি প্রেরণ করেন। কিন্তু যাকে প্রতিনিধিত্ব করার জন্য সভায় প্রেরণ করা হয় তারা জনগুরুত্বপূর্ণ বিষয়গুলি সম্বন্ধে সভাকে অবহিত করতে পারেন না। এতে সরকারি স্বার্থ সংশ্লিষ্ট সিদ্ধান্ত গ্রহণে ব্যাঘাত সৃষ্টি হয়। এই বিষয়ে সকল দপ্তর প্রধানগণকে সচেতন থাকতে সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। যদি অফিস প্রধানগণ নির্ধারিত সভার দিন কোন জনগুরুত্বপূর্ণ অফিশিয়াল কার্যক্রম/প্রশিক্ষণে থাকেন তবে সভার পূর্বেই সংশ্লিষ্ট চিঠিসহ সভাপতিকে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।
১০.	সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির মাধ্যমে সেবা গ্রহীতার তালিকা প্রেরণ সংক্রান্ত:	রংপুর জেলায় তাঁর দপ্তর কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির মাধ্যমে সেবা গ্রহীতার তালিকা এর হার্ড কপি এ কার্যালয়ে এবং সফট কপি ওয়ার্ডে (নিকস ফন্টে) টাইপ করে rangensec@gmail.com ই-মেইলে প্রেরণ নিশ্চিতের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।	সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।
১১.	ডেঙ্গু জ্বর প্রতিরোধ	সভাপতি ডেঙ্গু জ্বর প্রতিরোধে এডিস মশার প্রজনন বা বিস্তার রোধে রংপুর জেলায় অবস্থিত সকল সরকারি দপ্তর/অফিসসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে সংশ্লিষ্ট সকল-কে নির্দেশনা প্রদান করেন।	সকল দপ্তর প্রধানগণ।
১২.	উপজেলাভিত্তিক দাপ্তরিক তথ্য হালনাগাদকরণ	রংপুর জেলার সকল দপ্তরসমূহের উপজেলাভিত্তিক তথ্য হালনাগাদের বিষয়ে জেলার সকল সরকারি দপ্তর প্রধানগণকে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	সকল দপ্তর প্রধানগণ।
১৩.	এসডিজি বাস্তবায়ন	এসডিজি বাস্তবায়নের জন্য তথ্য ভিত্তিক পরিকল্পনা গ্রহণ করতে এবং নিজ নিজ দপ্তর সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রার ক্ষেত্রে রংপুর জেলার বর্তমান অবস্থা এবং তার দপ্তরের পরিকল্পনা আগামী সভায় অবহিত করার জন্য সভাপতি জেলার সকল সরকারি দপ্তর প্রধানগণকে নির্দেশনা প্রদান করেন।	আগামী সভায় জেলার সকল দপ্তরসমূহ নিজ নিজ দপ্তর সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রার ক্ষেত্রে রংপুর জেলার বর্তমান অবস্থা এবং তাঁর দপ্তরের পরিকল্পনা অবহিত করবেন।

পরিশেষে সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/৯/২৪

(ইসরাত জাহান)
জেলা প্রশাসক, রংপুর
ও
সভাপতি
জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, রংপুর
ফোন : ০২৫৮৯৯৬১০৪১ (অফিস)
ই-মেইল: dcrangpur@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
উন্নয়ন শাখা
www.rangpur.gov.bd

স্মারক নম্বর-০৫.৫৫.৮৫০০.০০০.০৩০.০১.০০০৫.২৬. ১২৯

তারিখ : ০৭ আশ্বিন ১৪৩৩ / ২২ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১। মাননীয় সংসদ সদস্য, রংপুর-৬
২। মাননীয় সংসদ সদস্য, রংপুর-৫
৩। মাননীয় সংসদ সদস্য, রংপুর-৪
৪। মাননীয় সংসদ সদস্য, রংপুর-৩
৫। মাননীয় সংসদ সদস্য, রংপুর-২
৬। মাননীয় সংসদ সদস্য, রংপুর-১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর।
৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রংপুর; জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর এর ওয়েসাইটে প্রকাশের অনুরোধসহ।

৭। জনাব,..

...., রংপুর।

22/9/26
মোঃ শরীফুল আলম
অতিরিক্ত জেলা প্রশাসক
(উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)
রংপুর
ই-মেইল: rangensec@gmail.com